




আহমদ ছফার
ডায়েরি



আহমদ ছফা : জন্ম ৩০শে জুন, ১৯৪৩, চট্টগ্রামের চন্দনাইশ থানার গাছবাড়িয়া গ্রামে। বাবা মরহুম হেদায়েত আলি, মা মরহুমা আসিয়া খাতুন। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞানে এমএ এবং গবেষক, বাংলা একাডেমী ও ঢাকা বিশ্ববিদ্যালয়। সাহিত্যের প্রায় প্রতিটি শাখায় রেখেছেন প্রতিভার স্বাক্ষর। কবিতা, গান, ছোটগল্প, উপন্যাস, শিশু-সাহিত্য, প্রবন্ধ, অনুবাদ, ইতিহাস, ভ্রমণকাহিনী মিলিয়ে বহু গ্রন্থের প্রণেতা। জার্মান মহাকবি গ্যোতের অমরসৃষ্টি 'ফাউন্ট' অনুবাদ করে বাংলা-সাহিত্যকে সমৃদ্ধিকরণসহ 'বুদ্ধিবৃত্তির নতুন বিন্যাস', 'বাঙালি মুসলমানের মন', 'যদ্যপি আমার গুরু', 'পুষ্প বৃক্ষ এবং বিহঙ্গ পুরাণ'-এর মতো বহু সৃজনশীল গ্রন্থের স্মৃষ্টি। অধুনালুঙ্ঘ দৈনিক গণকগ্রন্থের সম্পাদকীয় উপদেষ্টা এবং সম্পাদক, সাংগীতিক উন্নয়ন ও ত্রৈমাসিক উত্থানপৰ্ব। বাংলাদেশ লেখক শিবিরের প্রতিষ্ঠাতা এবং প্রথম সভাপতি। বন্ধির শিশুদের বিদ্যাপীঠ সুলতান-ছফা পাঠশালার প্রতিষ্ঠাতা। তাঁর বেশ কিছু রচনা বিভিন্ন ভাষায় অনুদিত হয়েছে। সাহিত্যে অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ ইতিহাস পরিষদ পুরস্কার, সাদ'ত আলী আকন্দ পুরস্কার (প্রত্যাখান), লেখক শিবির পুরস্কার (প্রত্যাখান) এবং মরণোত্তর একুশে পদক লাভ করেন। ২০০১ সালের ২৮শে জুলাই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

নূরুল আনন্দার : বাবা মরহুম আবদুল ছবি, মা মরহুমা জোবাইদা খাতুন। ইতিহাসে এমএ এবং সাহিত্যচর্চায় নিয়োজিত। বর্তমানে পিপিআরসি নামক একটি গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত। আহমদ ছফার ভাতুশ্পুত্র।

আহমদ ছফার ডায়েরি



সাহিত্যে আহমদ ছফার প্রতিভা
সর্বজনবিদিত। তিনি যা লিখতেন এবং
বলতেন তা ছিল পাঠকদের অন্তস্থুলকে
চমকে দেয়ার মতো, যে কারণে তিনি
অন্য দশজন লেখকের মতো নন।
লিখতে গিয়ে তিনি কখনো সামাজিক
দায়বন্ধতা থেকে সরে দাঁড়াননি। লক্ষ্য
করার বিষয়, তিনি ডায়েরি লিখতে
গিয়েও তার ব্যতিক্রম ঘটাননি। সবরকম
লেখায় যে তিনি সিদ্ধহস্ত ডায়েরির
পাতাগুলো তার জলন্ত প্রমাণ। কেবল
দৈনন্দিন কাজের ফিরিষ্টি দিয়ে তিনি
থেমে থাকেননি, তার মধ্যে ঢেলে
দিয়েছেন তাঁর চিন্তা-চেতনার উৎকৃষ্ট
ভাবনাগুলো। সম্ভবত জাতলেখকেরা
এমনই হন। বর্তমান প্রকাশনাটি ডায়েরি
হলেও এটি আহমদ ছফার সাহিত্যে
আরেকটি মাইলফলকের কাজ করবে তা
হলফ করে বলা যায়। আশাকরি আহমদ
ছফার অন্যসব বইয়ের মতো এটিও
পাঠকদের দৃষ্টি আকর্ষণ করবে।

আহমদ ছফার ডায়েরি

সম্পাদনা

নূরুল আনোয়ার

খান ব্রাদার্স অ্যাভ কোম্পানি
৯ বাংলাবাজার, ঢাকা ১১০০

ISBN 984-408-091-6

প্রকাশকাল
ফেব্রুয়ারি ২০০৪

দ্বিতীয় মুদ্রণ
জুলাই ২০১৩

কে এম ফিরোজ খান, খান ব্রাদার্স অ্যান্ড কোম্পানি
৯ বাংলাবাজার (২য় তলা) ঢাকা ১১০০ কর্তৃক প্রকাশিত এবং
মৌমিতা প্রেস ২৫ প্যারীদাস রোড ঢাকা ১১০০ থেকে মুদ্রিত।

বর্ণবিন্যাস
আবির কম্পিউটার

প্রচ্ছদ
সমর মজুমদার

মূল্য : ১২৫.০০ টাকা মাত্র

উৎসর্গ
ছিন্নমূল শিশু
সুলতান-ছফা পাঠশালা

ভূমিকার পরিবর্তে

লেখা সম্পাদনা করা একটি দুর্ভাগ্য কাজ; সেটা যদি হয় আমার মতো আনাড়ি লোকের
দ্বারা তাহলে তো কথাই নেই। কিন্তু কোনো দায়িত্ব যদি আপনাআপনি কাঁধে এসে তর
করে তখন পালিয়ে বেড়ানোর আর উপায় থাকে না—আমার দশা হয়েছে অনেকটা
সে-রকম।

আহমদ ছফাকে নতুন করে পরিচয় করিয়ে দেবার কোনো দরকার পড়ে না। তিনি গত
হয়েছেন এখনো তিনি বছর অতিক্রান্ত হয়নি। গত বছর তাঁর কিছু অপ্রকাশিত লেখা
নিয়ে আমার সম্পাদনায় মাওলা ব্রাদার্স থেকে একটি প্রবন্ধের বই প্রকাশিত হয়েছিলো,
তারই ধারাবাহিকতায় এবার খান ব্রাদার্স এ্যান্ড কোম্পানি থেকে ‘আহমদ ছফার
ডায়েরি’ প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হলো। ডায়েরিটি প্রকাশের উদ্যোগ নিতে যেযে
আমাকে নানাজনের মিশ্র প্রতিক্রিয়ার সম্মুখীন হতে হয়েছে। কেউ কেউ বললেন,
আহমদ ছফা মারা গেছেন এখনো মানুষের মন থেকে শোকের ছায়া মুছে যায়নি। আরো
কিছুদিন যাক। এতো তাড়াহড়ো করে ডায়েরি প্রকাশের কোনো দরকার নেই। তাছাড়া
ডায়েরি ব্যক্তির নিতান্ত গোপনীয় জিনিষ, সেটা গোপনই থাকুক। কেউ কেউ বললেন,
আহমদ ছফা ছিলেন ঠোঁটকাটা মানুষ। তিনি কখনো কোনো কিছু গোপন রাখতেন না।
তিনি যা দেখতেন এবং ভাবতেন লোকসমক্ষে তা অকপটে প্রকাশ করে যেতেন।
সুতরাং ডায়েরিতে যদি উৎকৃষ্ট কিছু থেকে থাকে তা প্রকাশ করে ফেলাই ভালো।
কথাটা আমার মনে ধরলো। তাছাড়া আরো একটি কারণ ছিলো, ডায়েরির পাতাগুলো
একরকম নষ্ট হতে চলেছে এবং লেখাগুলো এতো ঝাপসা হয়ে আসছে যে, আর
কিছুকাল পড়ে থাকলে উদ্ধার করা কষ্টসাধ্য হয়ে পড়বে। সে-সব কথা রইলো।

আহমদ ছফা কোনো কাজে একনাগাড়ে লেগে থাকতেন না। যখন যেটা তাঁর মনে
ধরতো তখনই তিনি লেগে যেতেন। খানেক এটা, খানেক ওটা- যে কারণে তিনি খুব
কমই কাজের শেষটা দেখতে পেতেন। সাহিত্য-সংস্কৃতি, সমাজ-রাজনীতি, সভা-
সংগঠন কোন্টার সঙ্গে তিনি জড়িত ছিলেন না? যদি একটার পেছনে আজীবন লেগে
থাকতেন হয়তো তাঁর ইতিহাসটা অন্যরকম হতে পারতো। তাঁর ডায়েরি লেখার
ব্যাপারেও সে জিনিষটি লক্ষ্য করা গেছে। তিনি একনাগাড়ে লেখাগুলো লিখেননি।
তিনি প্রথম ডায়েরি লেখা আরম্ভ করেন ১৯৭২ সালে স্বাধীনতা যুদ্ধের সময়ে দেশে
ফেরার পর। মাত্র ক'দিন লিখে তিনি কলম বন্ধ রাখেন। এ ক'দিন তিনি কেবল
দৈনন্দিন কাজের ফিরিস্থিই দিয়েছেন। তারপর ১৯৭৩ থেকে ১৯৮২ সাল পর্যন্ত সময়ে
দফায় দফায় ডায়েরি লেখার চেষ্টা করেছেন। এ সময়কার লেখাগুলোর মধ্যে তাঁর
জীবন, সাহিত্য, রাজনীতি সম্পর্কে চিন্তা-ভাবনার দূরদর্শিতা এতো বেশি প্রজ্ঞালিত হয়ে

ওঠেছে নেহায়েত তা ডায়েরি বলে মনে হয় না। মহাকবি গ্যায়টের ডায়েরি পড়তে গিয়ে তিনি এক রকম ধাক্কা খান এবং ডায়েরি লিখতে প্রবৃত্ত হন, যে কারণে ডায়েরির পাতাগুলো দৈনন্দিন কাজের ফিরিস্তি না হয়ে একেকটি হয়ে উঠেছে সাহিত্যের অংশ।

বইটি সম্পাদনা করতে গিয়ে আমাকে দু'টি বিষয়ে নজর দিতে হয়েছে—এক, লেখকের লেখাকে কোনো রকম বিকৃত না করে যথাযথভাবে উপস্থাপন করার চেষ্টা; দুই, ঘটনা-পরিক্রমা ঠিক রাখার জন্য লেখাগুলোকে তারিখ অনুসারে সাজিয়ে নেয়া। আশা করি, দু'টি কাজই আমি যথাযথভাবে করতে সক্ষম হয়েছি।

বইটি প্রকাশে যিনি আমাকে সহযোগিতা এবং সমর্থন যুগিয়েছেন তিনি ড. হোসেন জিল্লুর রহমান। তিনি প্রেরণা না যোগালে হয়তো এই বই সম্পাদনায় এগিয়ে আসতে পারতাম না। তাঁকে আমার অভিনন্দন। যাঁদের কাছে কৃতজ্ঞ—ড. চিনায় হাওলাদার, ব্রিগেডিয়ার মোহাম্মদ মাহবুবুল করিম, খন্দকার সাখাওয়াত আলী, মাহমুদ টোকন, হোসেন আফরোজ আরা শিল্পী আবদুল্লাহ আল রাশেদ। তাঁদের ধন্যবাদ জানাই। পরিশেষে যাঁর কথা না বললেই নয়, তিনি হলেন খান ব্রাদার্স এ্যান্ড কোম্পানির নির্বাহী পরিচালক কে. এম. ফিরোজ খান। তিনি এগিয়ে না এলে এই প্রকাশে আরো বিলম্ব ঘটতো। তাঁকে ধন্যবাদের খাতিরে ধন্যবাদ দিয়ে খাটো করতে চাই না।

আবারো বলছি, বই সম্পাদনা করার মতো যোগ্যতা আমার নেই। তারপরেও একটি কঠিন কাজ আমাকে করতে হলো। আমার ভুল-ক্রটি সকলে ক্ষমার চোখে দেখবেন এটাই প্রত্যাশা করি।

নূরুল আনন্দোয়ার

ফেব্রুয়ারি, ২০০৪

পিপিআরসি

৩১ ডিসেম্বর, ১৯৭১

পহেলা বোশেখ অর্থাৎ বাংলা বছরের পয়লা তারিখ আগরতলা এসেছিলাম। গতকাল ডিসেম্বর মাসের ৩০ তারিখ। দেশের দিকে যাচ্ছি। কোলকাতা এসেছিলাম সহায়হীন, সম্বলহীন, বঙ্গহীন। চলে যাবার সময় ঢাকার মতো কোলকাতাকেও আপন মনে হচ্ছে। সুনন্দা, অর্চনা, সুনীলন্দা, ময়হার ভাই সকলের শৃঙ্খল বড়ো মধুময়। প্লেন ছাড়তে দেরি হলো। বাংলাদেশের ওপর দিয়ে দেড় ঘন্টায় আগরতলা এলাম। আগরতলায় বঙ্গুরা স্বাগত জানালেন। বিজনদাদের বাসায় যেয়ে বিকচের সঙ্গে ঘুমোলাম।

১ জানুয়ারি, ১৯৭২

নতুন বছরকে স্বাগতম। পেছনে রাতের দগদগে শৃঙ্খল। আগরতলাতে নতুন বছর বেয়ারাভাবে এসেছে। কমলের বাসায় গিয়ে দেখা পেলাম না। রণেশদাদের বাসায় গেলাম। বই উপহার দিলাম। নীরা এবং জবাকে নিয়ে নিভার বাসায় গেলাম। সুখময়দার বাসায় খেলাম।

২ জানুয়ারি, ১৯৭২

আজ সকালবেলা ঘুম থেকে জেগে কমলের ওখানে গেলাম। শুয়ে পড়লাম। ওঠে খেলাম। বিকেলে সংবাদে গেলাম। রাতে কার্তিকদার বাসায় খেলাম। ধীরা শার্ট উপহার দিলো।

৩ জানুয়ারি, ১৯৭২

আজ কমলকে নিয়ে পথ দিলাম। আগরতলার সীমানা ছাড়লাম। হেঁটে হেঁটে সুলতানপুরে এসে রিকশা ধরলাম। ব্রাক্ষণবাড়িয়া এলাম। পলাশবাড়িতে জিনিষপত্র রেখে বাড়িতে টেলিগ্রাম করলাম। সিরাজকে ঝুঁজে পেলাম। ড. আমিনের সঙ্গে কথা হলো। আলাপ করলাম। খালার বাসায় এসে থেয়ে ঘুমোলাম। ক্লান্তির ঘুম। সঙ্গে কমল। রিকশাওয়ালা ঠিক করলাম। রাত সাড়ে চারটের সময় সে এসে আমাদের জাগালো। আমরা গোকর্ণ লঞ্চঘাটের দিকে যাত্রা করলাম।

৪ জানুয়ারি, ১৯৭২

আজ সকাল ছটায় গোকর্ণ ঘাট থেকে লঞ্চ ছাড়লো। মানিকপুর ঘাটে যাত্রির ভারে লঞ্চ ডুবার উপক্রম। যাহোক, নরসিংদী এলাম। সেখানে খেলাম। নরসিংদী থেকে বাসে এলাম পাঁচ-সুকি। অনেকগুলো সেতু বিধ্বন্ত। পাঁচ-সুকি থেকে এলাম। আবার বাসে তারাব বাজার। ঘাটে ভারতীয় সেনা কিলবিল করছে। শীতলক্ষ্য নৌকাযোগে পেরিয়ে বেবীট্যাঙ্কিতে এলাম টিকাটুলী। নওয়াবদের বাসায় এলাম। পেলাম না। দৈনিক পাকিস্তানে এলাম। শামসুর রাহমান, আল মাহমুদ, মাহফুজউল্লাহ, মোর্শেদ, আহমেদ

হৃষ্মায়নের সঙ্গে দেখা। মুজফ্ফর কাকুর দেয়া বই এখলাসউদ্দিন সাহেব নিলেন। শরীফ স্যারের বাসায় এলাম। হাসান ছীনরোডে নিয়ে এলো। নুরুল হৃদাকে পেলাম।

৫ জানুয়ারি, ১৯৭২

আজ সকালে ঘুম ভাঙলো আগে। শেভ এবং স্নান করলাম। টিফিন সেরে কমল, হাসান, হৃদাসহ শাহনূরের বাসায় গেলাম। সায়ীদ তাইয়ের বাসায় গেলাম। হাসানসহ উয়ারীতে নওয়াবের বাড়ি গেলাম। নওয়াবসহ বাংলা একাডেমীতে এলাম। কবীর স্যারের সঙ্গে কথা হলো। ফরহাদ, হেলাল, হৃদা, হৃষ্মায়ন এবং নওয়াবসহ আলোচনায় বসলাম। আকরাম এলেন। স্টেডিয়ামে খেয়ে দৈনিক বাংলায় (পাকিস্তানে) গেলাম। হাসান সাহেব এবং শামসুর রাহমান সাহেবের সঙ্গে আলোচনায় বিশেষ সুবিধে করতে পারলাম না। বাংলাবাজারে এসে হতবাক হয়ে গেলাম। এখনো সব প্রেতপুরী। এসে শরীফ সাহেবের বাসায় খেলাম। অনেকক্ষণ আড়ডা যারলাম। বলতে গেলে দিনটা বাজে খরচ করলাম।

৬ জানুয়ারি, ১৯৭২

আজ সকালে ঘুম থেকে উঠে কমলকে ডেমরা অবধি দিয়ে এলাম। বাংলা একাডেমীতে এলাম। কবীর স্যার শিবিরের তিনটি বইয়ের ব্যয়ভার গ্রহণ করতে স্বীকৃত হলেন। বোরহান স্যারের সঙ্গে দেখা হলো। হৃষ্মায়ন, হৃদা, ফরহাদ, হেলাল, শাহনূরের সঙ্গে বসলাম। ডঃ মনিরজ্জামান সাহেব এবং আকরাম হোসেনের সঙ্গে কথাবার্তা হলো। আগামী সোমবারে সভা। হৃষ্মায়নের বাসায় খেতে গেলাম। খেয়ে ফরহাদ মজহারের বাসায় এলাম। একটু অসাবধানে কথাবার্তা বললাম। ফরহাদ সম্বক্ষে এখনো একটা স্থির ফয়সালায় আসতে পারিনি। স্ট্যান্ডার্ড পাবলিশার্স থেকে ধারে ‘The age of Adventure’ বইটা কিনলাম। সুনন্দা, মুজফ্ফর কাকু এবং ইসলাম সাহেবকে চিঠি লিখলাম।

৭ জানুয়ারি, ১৯৭২

আজ ঘুম থেকে উঠেই হাসানসহ ইন্দিরা রোডে শেরীফা নীড়ে গেলাম। চৌধুরী সাহেব ফিরেননি। বাড়িটা জঙ্গল হয়ে গেছে। উয়ারীতে নওয়াবদের বাসায় গেলাম। পেলাম না। জিন্নাহ এ্যাভিনিউতে দেখা। কোলকাতায় চিঠিগুলো পোস্ট করলাম। নওয়াবসহ বাংলা একাডেমীতে এলাম। বদিউজ্জামান সাহেবের কাছে জামিনের নাম দাখিল করলাম। মিসেস হোসেনে আরার সঙ্গে দেখা হলো। বেবীর সঙ্গেও। শরীফ স্যারের বাসায় গেলাম। কিছুক্ষণ কথা হলো। তারপর চলে এলাম। হৃষ্মায়নসহ বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর সাহেবের ধানমণির বাসায় এলাম। তারপর সায়ীদ সাহেবের বাসায়। হৃষ্মায়ন কবীর চলে গেলেন। ফ্রী স্কুল স্ট্রীটে এলাম। ধীরার দেয়া শার্টটা নিলাম। নুরুল হৃদা ড. শাহনূরের সঙ্গে চলে এলাম নতুন বাসায়।

৮ জানুয়ারি, ১৯৭২

সকালে ঘুম থেকে উঠে বিশ্বাবিদ্যালয়ে গেলাম। রফিক সাহেব ও মুহম্মদ মনিরুজ্জামান সাহেবের সঙ্গে দেখা। তারপরে বাংলা একাডেমী। অর্থহীন কচকচি—অনেক সময় নষ্ট। নওয়াবসহ তোপখানা। তারপরে নওয়াবদের বাড়িতে যেয়ে খেলাম। আসার পথে নারিন্দার বাসা—কেউ নেই। এলাম আবার বাসায়। তারপর শরীফ সাহেবের বাসায় গেলাম। গল্পগাছা হলো ব্যক্তিগত। তারপর বাসায়। অত্যন্ত বিরক্ত হয়েছি। এ বাসায় বোধ হয় থাকা হবে না। শেখ সাহেবের মুক্তি সংবাদ শুনলাম। অর্চনা স্মৃতিতে জুলাতন করছেন।

১০ জানুয়ারি, ১৯৭২

দেরিতে ঘুম ভাঙলো। চা, নাস্তা খেয়ে এসে 'The age of Adventure' পড়তে চেষ্টা করলাম। মন বসলো না। স্নান করে বোরহান স্যারের বাসায় গেলাম। হ্রায়নের আলোচনার ধরন দেখে পিতি জুলে গেলো। মামুন, হ্রায়নসহ বের হলাম। ওরা খানিকক্ষণ গল্প করে চলে গেলো। তারপরে ঘুমোলাম। অনেকক্ষণ। ঘুম ভাঙার পরেও অনেকক্ষণ শুয়ে রাইলাম। মনে হচ্ছে এতো রক্তপাত আমাদের লেখকদের চরিত্রের কোনো মৌলিক পরিবর্তন করতে পারেনি। মানুষগুলোকে স্তুল এবং প্রাগৈতিহাসিক মনে হচ্ছে। মিসেস হোসনে আরার বাসাতে যাচ্ছিলাম। নুরুল হৃদা আর শাহনূর ফিরিয়ে আনলো। এখন পড়ছি 'Reason, Romanticism, Revolution.'

১১ জানুয়ারি, ১৯৭২

আজ সকালে ঘুম থেকে জেগে শরীফ স্যারের বাসায় এলাম। তরফদার স্যারের সঙ্গে দেখা করলাম। স্যারের কাছ থেকে একশো টাকা ধার করলাম। দৈনিক বাংলায় গেলাম। হাসান সাহেব এবং শামসুর রাহমান সাহেবের সঙ্গে দেখা হলো। হ্রায়ন এবং ফরহাদসহ খেলাম। দু'জনকে নিয়ে রেসকোর্সে এলাম। ওদের কাছ থেকে আলাদা হয়ে পড়লাম। শেখ সাহেবের বক্তৃতা শুনলাম। লিঙ্কনের গেটিসবার্গের বক্তৃতার কথা মনে পড়ে। ফজলুসহ তার বাসায় এলাম। ফরিদার মাতৃমূর্তি পুজো করার মতো। লেখক সংঘের অফিস খুঁজে পেলাম না। নিউ মার্কেটে এসে বালতি, জগ, মগ, গ্লাস, হারিকেন, ড্রাম, ডিম এবং বাতি কিনলাম। শিবিরের একখানা দরখাস্ত লিখলাম। আমার বিয়ে করার কথাটি সকলে স্মরণ করিয়ে দিচ্ছে।

১২ জানুয়ারি, ১৯৭২

আজ সকালে জেগে মনে হলো শেফালী সেনগুপ্তাকে স্বপ্নে দেখেছি। নয়াপন্টন যেয়ে বি. রহমানকে ধরলাম। তিনি বাদলদের চোর বললেন, আর নিজের বিষয়ে কি ভাবলেন জানিনে। ডঃ এনামুল হক স্যারের সঙ্গে দেখা হলো। তিনি পুত্রবত স্নেহে আমায় নিলেন। আজ বাংলা একাডেমীর সঙ্গে চুক্তিপত্র স্বাক্ষর করলাম। শরীফ স্যার আর

বোরহান স্যার আমার জামিন হলেন। কবির স্যার বই তিনটি প্রকাশ করতে স্বীকৃত হলেন। হুমায়ুন, ফরহাদ, হুদা, শাহনূর এবং মামুনকে নিয়ে আলোচনায় বসলাম। কিছুই স্থির হলো না। স্টেডিয়ামে যেয়ে কাপড় কিনলাম। হোটেলে খেয়ে বাসায় এলাম। তারপর বিশ্রাম শেষে যেয়ে তঙ্গপোষ, টেবিল নিয়ে এলাম। ইন্দিরা রোডে যেয়ে চৌধুরী সাহেবকে পেলাম না।

১৩ জানুয়ারি, ১৯৭২

সকালে ইন্দিরা রোডে যাওয়া হলো। চৌধুরী সাহেব নেই। তারপর স্নান অন্তে বাংলা উন্নয়ন বোর্ড। হক সাহেব নেই। বাংলা একাডেমী, বাংলা বিভাগ। ব্যাংকে যেয়ে চেক ভাঙলাম। বাজার করলাম। চৌধুরী সাহেবকে পেলাম না। স্টেডিয়ামে যেয়ে খেলাম। বাড়িতে ২৫০.০০ টাকা Express Telegram-এ পাঠালাম। জামাল এবং সিরাজকে লিখলাম চিঠি। রেজিস্টার্ড। তারপর ক্লান্ত-শ্রান্ত হয়ে এসে ঘুমোলাম। ঘুম থেকে জেগে শরীফ স্যারের ওখানে গেলাম। টাকাটা ফেরত দিলাম। তারপর হুমায়ুনের বাসা। অনেক রাতে ফিরে এলাম। ভুলে গেছি সেদিন দুপুরে শাহনূরকে ৫০.০০ টাকা দিয়েছি।

১৪ জানুয়ারি, ১৯৭২

আজ নিদ্রাতে উয়ারীতে নওয়াবদের বাসায় যেয়ে বইপত্র এবং চিঠিপত্র নিয়ে এলাম। বাংলা একাডেমীতে মাহবুবউল্লাহর সঙ্গে দেখা হলো। নিশ্চয়ই আনন্দের। খুব তাড়াতাড়ি চলে এলাম। হোটেলে খেয়ে একটু গোছগাছ করে রাখলাম। প্যান্টের ট্রায়াল দিয়ে এসে ঘুমোলাম। জেগে M. N. Roy শেষ করলাম। P. C. Roy-এর জীবনী পড়তে ধরলাম। সঙ্গে ঘনিয়ে এলো। নিউ মার্কেটে গেলাম। অতর্কিংতে গীতশ্রীর সঙ্গে দেখা হলো। মেয়েটি এখনো ভালোবাসে আমাকে। শরীফ স্যারের বাসায় গেলাম। ডঃ হিরন্যায় সেনগুপ্তকে লেখার অনুরোধ করলাম।

১৫ জানুয়ারি, ১৯৭২

শামসুর রাহমান সাহেবের বাড়িতে যাওয়া হলো। পথে বানুদের বাসা। পিনাকীসহ সেখান থেকে বাংলা একাডেমী। লজ্জার কথা, তবু বাংলা একাডেমীতে একটা ফাঁকা প্রতিবেদন দাখিল করলাম। ছেলেদের সঙ্গে বসলাম। টেলিথাফ অফিসে যেয়ে ড. অজয় রায়ের কাছে শরীফ স্যারের হয়ে টেলিথাম করলাম। একটু পড়লাম। তারপর বাসা। প্যান্ট নিলাম দরজির কাছ থেকে। তারপর ঘুমোলাম। উঠে আচার্য পি. সি. রায়ের জীবনী পড়লাম। তারপর বাংলা একাডেমীতে মুলকরাজ আনন্দের সভায় গেলাম। লোকটিকে ভালো লাগলো না। নওয়াবের সঙ্গে জিপিও পর্যন্ত হেঁটে গেলাম। তারপর চলে এলাম।

১৭ জানুয়ারি, ১৯৭২

আজ সকালে ঘুম থেকে একটু আয়েশ করেই জাগলাম। নাস্তা খেয়ে পি. সি. রায়ের আত্মজীবনী পড়লাম কিছুদূর। তারপর নিউ মার্কেটের দিকে। পথে আকরামের সঙ্গে দেখা। এসে কাপড়-চোপড় ধুয়ে দিলাম। খেয়ে ঘুমোলাম। ঘুম থেকে উঠে আবার সে পি. সি. রায়ের আত্মজীবনী। সঙ্গের দিকে মিসেস হোসনে আরার বাড়ি। তারপর ড. হিরন্যায় সেনগুপ্ত এবং শরীফ স্যার। বাসায় এসে দেখি ঝগড়া। আবুল হাসান আর হৃদার। রাতটা নষ্ট হয়ে গেলো। দুঃখে মাথার চুল ছিঁড়তে ইচ্ছে হলো।

১৮ জানুয়ারি, ১৯৭২

আজ দিনভর ভয়ঙ্কর ক্লান্তি। সকালে উঠে ইকবাল হলে জিনাত আলীর খোঁজে গেলাম। নেই। তারপর বাংলা একাডেমী। মামুনসহ বাংলাবাজার। কালি-কলম, মাওলা, প্রকাশ ভবন, খান ব্রাদার্স, হেরোল্ড—তারপর বাসা। খেয়ে শুয়ে পড়লাম। আধশোয়া অবস্থাতে এলো নওশাদ, কায়সার। কিছুক্ষণ বসলো ওরা। মনটা ভারী বিষিয়ে গেলো। বুকটা ভারী খা খা করছে। আচার্য রায় পড়লাম বেশ কিছুদূর। বেরলাম। নিউ মার্কেটে সিন্দিকীর সঙ্গে দেখা। আশ্চর্য একটি কবিতা পড়লাম। তারপরে নিয়ামত হোসেন সাহেবের বাসা।

১৯ জানুয়ারি, ১৯৭২

আজ সকালে একটু রঞ্জিন পাল্টালাম। দেরিতে টিফিন করলাম। তারপর বাংলা একাডেমী। নওয়াবের সঙ্গে দেখা। মি. সে. হো. আমার প্রতি গাঢ় অনুরাগ দেখালেন। কবীর স্যারের সঙ্গে গোলাম রহমানের ব্যাপারে আলোচনা করতে। তারপর বাংলা বিভাগ, ইংরেজি বিভাগ। ফরহাদ মজহারের বাসা। সে পুরোনো কাসুন্দী, ক্লান্ত-শ্রান্ত প্রত্যাবর্তন। নিদ্রা। ওঠে রাসেলের 'What I believe' পড়লাম। নিউ মার্কেট যেয়ে নওরোজকে গোলাম রহমানের খবরটা দিতে বললাম। আজ লিখবোই।

৩ মার্চ, ১৯৭৩

সকালবেলা এই দিনলিপিখানি পেলাম। আমার অনেক দিনের আকাঙ্ক্ষা পূর্ণ হলো। মানুষের ছোটো ছোটো সাধগুলো পুরোলেই সবচেয়ে খুশী হয়। স্বপ্ন আমার কাছে রহস্যই থেকে গেলো। অনেকবার স্বপ্নে যেমন দেখেছি, অবিকল তেমনটি ঘটেছে। আজও তাই হলো। নাস্তা খাওয়ার ফাঁকে ফাঁকে অনেকবার মনে করতে চেয়েছি। রাতের স্বপ্নটা যেনো কি, যেনো কি। হুমায়নের বাবার সঙ্গে রেবুর বাসায় যাওয়ার সময় রিকশা থেকে সন্তোক আসাদ ভাইয়ের ডাক শুনে মনে পড়লো, রাতে আমি স্বপ্ন দেখেছি আসাদ ভাইয়ের শ্বশুর মারা গেছেন, কবর দেয়ার টাকা পয়সা নেই। সে যাক, আসাদ

ভাইয়ের বৌটিকে এক ঝলক মাত্র দেখলাম।

হমায়নের বাবা আজ অর্ধেক টাকা পেলেন। তিনি আমাকে পুঁএবত মনে করছেন। অন্যান্যরাও যদি সেরকম মনে করে বসে তাহলে তো সর্বনাশ। অথচ আমার মনে হচ্ছে সকলে যেনো কি একটা আঁচ করছে। আমি নিজেও কি ভেতরে ভেতরে দুর্বল হয়ে উঠিনি? আপাতদৃষ্টিতে পাগলেরাই অনেক বেশি তীক্ষ্ণদৃষ্টির অধিকারী। বাংলা একাডেমী যাওয়ার পথে মাসুদ যা বললো সে কি আমার মনের কথা নয়? আমার মন বলতে কিছু আছে কি? আমাকে মেয়েরা খেলাচ্ছে। না আমি মেয়েদের নিয়ে খেলছি? এটা আমার শক্তি না দুর্বলতার পরিচয়? মনে মনে আমি খুবই অসহায় হয়ে পড়েছি। কোনো কাজ-কর্মে উৎসাহ পাচ্ছিনে। কোথায় কি যেনো হারিয়ে ফেলেছি। শামীমের কথা দুয়োকবার মনে করতে চেষ্টা করেছি। আমার সে তৈরতা যেনো আর নেই। আমার চাইতে যারা ছোটো, তাদের দিকে সন্দেহের চোখে তাকাতে শুরু করেছি। আমি একটা মানসিক ভারসাম্য নিজের মধ্যে আবিষ্কার করার আপ্রাণ চেষ্টা করছি। বুদ্ধি সমন্বয় সংবাদ আমার মনকে কি উন্নত করতে সক্ষম হচ্ছে? আমি কাজে-কর্মে, চিন্তা-ভাবনায় যে স্থিল আবেগ প্রত্যাশা করি, তার নাগাল পাচ্ছিনে। সবকিছু শুক্ষ মনে হচ্ছে। ডিপার্টমেন্টে চাকুরিটা প্রয়োজন। অনেক রকম ঝামেলা আছে। একটা উপায় উদ্ভাবন করতে হবে। আমি সৃষ্টিশীল জীবন কামনা করেছি। মনে হচ্ছে তা কোনোদিন পাবো না। পরিবারের প্রতি কর্তব্যবোধ মনকে নাড়া দিচ্ছে। আমি যদি পূর্ণ দু'জন মানুষ হতে পারতাম, অথবা বুদ্ধি, নেপোলিয়নের মতো যথার্থ অর্থে একজন মানুষ হতাম, বোধহয় সব সমস্যার সমাধান করতে পারতাম। পারতাম সকল সাধ পূরণ করতে। আমার এই অস্ত্রিতার মূলে কি একটা নারীর সঙ্গ কামনা? নাকি আরো কিছু? যখন বিয়ে-শাদী করবো, তখন কি এই অস্ত্রিতা থাকবে না? বিয়ে করা মানুষগুলো দেখে সন্তুষ্ট হতে পারিনে। এরা সকলেই যেনো জীবনের কাছে মন্ত অপরাধ করেছে। ক্ষীণভাবে তারা সকলেই নিজেদের কাছে লজ্জিত। যা হতে চেয়েছে, না পেরে অন্য কিছু হয়ে গেছে। এই পরিণতি তো আমার জন্যেও অপেক্ষা করে রয়েছে। যে সকল মানুষকে ভালোবেসেছি, যেমন রবীন্দ্রনাথ, রাসেল, গ্যায়টে তাঁদের মতো আমি কি হতে পারবো? কোনো কোনো সময় নিজেকে ভাবি অসাধারণ আর কোনো সময় নিজের অস্তিত্বটাই বিরক্তিকর জিনিয় হয়ে দাঢ়ায়। লালন ফকিরের ভাষায়,

সুখ পেলে হয় সুখ উতলা

দুঃখ পেলে হয় দুঃখ ভোলা ...

ভারী আজব জিনিষ জীবন—এই জীবনে কি মানুষের স্বাধীন ইচ্ছাশক্তি বলে কিছু আছে, না থাকতে পারে?

6-yr old. - 296

৪ মার্চ, ১৯৭৩

আমার নিজের শরীরের মধ্যেই আমি জীবন এবং মৃত্যুকে, অতীত এবং ভবিষ্যতকে স্বাধীনতা এবং দাসত্বের বন্ধন দেখতে পাচ্ছি। গতকাল অস্তিত্বকে বিরাট এক অস্থিরতা মনে হয়েছে। আজ অস্থিরতাকে নতুন দৃষ্টিতে দেখার চেষ্টা করছি। আসলে এই অস্থিরতাই জীবন। আমার মধ্যে একদিন এই অস্থিরতা থাকবে না হয়তো। সেদিনের কথা চিন্তা করলে ভয়ে নীল হয়ে যাই। স্বাধীনতাবে চিন্তা করতে পারবো না, কল্পনা করবার শক্তি হারিয়ে ফেলবো। আজকের দিনে যাদের বিকৃত বৃদ্ধিজীবী বলা হয়, আমি নিজেও কি তাদের একজন হয়ে যাবো না? Bertold Brecht যা বলেছেন :

There is no remorseless reactionary than a frustrated innovator, no Gueller enemy of the wild elephant than the tame elephant.

সমস্ত শক্তি জড়ে করে সামনে যদি পথ না হাঁটি আমার দম বন্ধ হয়ে আসবে। আমি নিজের ভেতরেই পঁচে ওঠবো। সুযোগ, সুবিধে, লোভ কিছুর কাছেই নতি স্বীকার করতে পারবো না। নতি স্বীকার করা আর আমার মরে যাওয়া একই কথা। কাজ করার যে আনন্দ আমি কামনা করি, কাজের মধ্যেই আমাকে কামনা করতে হবে। আমি বাধামুক্ত স্বাধীন কামনার সন্তান। আমাকেও কিছু অবাধে কামনা করতে হবে, নইলে বাঁচবো না। করুণা ইত্যাদি প্রকাশ করা এবং ব্যথিতের ব্যথী সাজার কোনো মানেই হয় না। আমি মনে মনে যা বাইরে তাই-ই হতে চাই। মানুষ যখন নিজের উপর সুবিচার করতে পারে না, তখন এটা ওটা করে মানসিক ক্ষতি পূরণ করার চেষ্টা করে।

আমি জীবনের মুখ্যমুখী সাহসের সঙ্গে দাঢ়াবো। যে আমাকে প্রেরণা দিয়েছে সে প্রেরণাময়ীর কাছে যাবো। যে আমাকে গৃহপালিত মানুষে রূপান্তরিত করতে চায়, তার কাছে যাবো না। আমার বন্যতা, উদ্বামতা, অস্থিরতার যথাযথ ব্যাখ্যা করা উচিত। কি হতে চাই, কতোটুকু যোগ্যতা আছে, পরিবেশ কতোটুকু সুযোগ দেবে এবং পরিবেশকে কতোদূর ভাঙ্গতে হবে সেটিই দেখার বিষয়।

আজ দুপুরে আবার স্বপ্ন দেখেছি। হরিণ, মন্ত্রী সুহরাব হোসেনের বাড়ি, পরে দেখলাম হরিণটি সুন্দর একটা লাল গাড়িতে রূপান্তরিত হয়েছে। নীতীশ আজ সকালে চলে গেলো। ধীরে ধীরে আমি সচেতন হয়ে উঠছি।

બેન્ડ ફ્રાન્કિલિન નીંદે વાણી
થી હતી હુદ્દો, એટો જીવનની કાંઈ
અધ્યાત્મિક પદ્ધતિ નાના જીવનની
સાથે | નજીબના વાણીઓની રીતે હુદ્દો
ગુણીય હૈ રહ્યો | બેન્ડ વાણીઓની
જીવની જીવન રીતે હુદ્દો | બેન્ડની
જીવની ગુણીય હીંદો | બેન્ડ નીંદો
ગુણીય હૈ ગુણીય વાણીઓની રીતે |
દ્વારાની જીવન રીતે કાંઈ કાંઈ
ના હો નહીં | ખુલ્લોની જીવન
જીવની વાણી, જીવન જીવનની
જીવની રીતે | બેન્ડની જીવન
જીવની જીવની રીતે નાના, વાણીની
જીવની જીવની રીતે નાના, વાણીની
બેન્ડની જીવની રીતે |

.. you often disappointed me
may still there is no remissness
no delusion than a frustrated
innovator, no crueler enemy of
the wild elephant than the
tame elephant.

law elephant.

ନୀତି କରିଲେ କାହାର ଅଳ୍ପ ରୁଦ୍ଧ । କିମ୍ବା
କିମ୍ବା କିମ୍ବା କାହାର ଅଳ୍ପ । କାହାର
କିମ୍ବା କିମ୍ବା କାହାର ଅଳ୍ପ । କିମ୍ବା
କିମ୍ବା କିମ୍ବା କାହାର ଅଳ୍ପ ।

କିମ୍ବା କିମ୍ବା କିମ୍ବା ।
କିମ୍ବା କିମ୍ବା କିମ୍ବା । କିମ୍ବା କିମ୍ବା କିମ୍ବା
କିମ୍ବା କିମ୍ବା କିମ୍ବା । କିମ୍ବା କିମ୍ବା କିମ୍ବା ।
କିମ୍ବା କିମ୍ବା କିମ୍ବା । କିମ୍ବା କିମ୍ବା କିମ୍ବା ।

କିମ୍ବା କିମ୍ବା ।
କିମ୍ବା, କିମ୍ବା କିମ୍ବା । କିମ୍ବା, କିମ୍ବା
କିମ୍ବା କିମ୍ବା । କିମ୍ବା, କିମ୍ବା । କିମ୍ବା
କିମ୍ବା କିମ୍ବା । କିମ୍ବା, କିମ୍ବା । କିମ୍ବା
କିମ୍ବା କିମ୍ବା । କିମ୍ବା, କିମ୍ବା ।

Digitized by srujanika@gmail.com

৫ মার্চ, ১৯৭৩

গতরাতে যা লিখেছি, আমার বিশ্বাস তাতে এমন কিছু উপাদান আছে যার প্রভাব আজকের দিনটিতেও ক্রিয়াশীল রয়েছে। তবু চিন্তা এবং কথা, কথায় ও কাজে বিরাট একটা হাঁ রয়ে গেলো। মানুষ কি এই পার্থক্য খুঁজতে পারে? বুদ্ধের যে ইতিহাস, শ্রীস্টের যে বর্ণনা, মুহম্মদের (স:) যে কাহিনী জানতে পারি, পড়ে, শুনে, দেখে মনে হয়, তাঁরা মন এবং মূখ এক করে ফেলেছিলেন। এটি আমাকে অস্তত চেষ্টা করে দেখতে হবে। নিজের মধ্যে একটা পরিবর্তন যদি না আনতে পারি, অন্য সবাইকে পরিবর্তিত হতে বলার কোনো অর্থই থাকে না। সকালবেলা যুব আওয়ামী লীগের শুন্দি অভিযানের ঘোষণা শুনে সারা শরীর শিউরে উঠেছিলো। হৃমায়নও একই ধরনের অনুভূতি প্রকাশ করলো। মনে হচ্ছে যৌক্তিক পরিণতির মতো আরো একটি রক্তপাত দ্রুত পা ফেলে এগিয়ে আসছে। আমি ইচ্ছে করলে হয়তো কাউকে বিয়ে করে ফেলতে পারি। কিন্তু ভয় হয়, বড়ো ভয় হয়, পাছে এমন মেয়ে মানুষের হাতে পড়ি যে, আমার জীবনটা বিষময় করে তোলে। জমাট প্রেমও জমিয়ে তুলতে পারি। কিন্তু তাতে যে পরিমাণ সূক্ষ্ম শুম এবং উদ্যম ব্যয়িত হবে তা করতে আমি সত্যি সত্যি অপারগ। জীবন কয়দিনের? এই যে পৃথিবীতে এতোদিন বেঁচে থাকলাম, মানুষের এতো স্নেহ, মমতা পেটুকের মতে ভোগ করলাম, তার কৃতজ্ঞতাটুকু তো কোনো সৃষ্টিকর্মে ফুটিয়ে তুলতে পারলাম না। আর মা, ভাইয়ের ছেলেমেয়ে, তাগ্নে-ভাগ্নী এবং গ্রামখানির জন্যইবা কি করলাম। আমার জীবন কি অরণ্যরোদনের মতো অকাজে ফুরিয়ে যাবে? আমি কি মানুষের খুব কাছাকাছি আসতে পারবো না? অতীতের মোহ এবং তামসিকতা আমার সমস্ত সৃষ্টিশক্তিকে চেপে রেখেছে। জীবনীশক্তি যেনে ঠিকমতো খেলে বেড়াতে পারছে না। তাই আমার ভেতরে ক্রমাগত উল্লম্ফ ক্রিয়া চলছে। আমি স্থিরভাবে কিছুই ভাবতে পারছিনে। পথ কাটার সিদ্ধান্ত গতকাল গ্রহণ করেছি। কিন্তু কিভাবে? কোনদিকে কাটবো সেটিই হলো আসল কথা।

শ্যামা আজকে যা বলেছে তাতে আমিও কিছুটা প্রযত্ন প্রয়াস ব্যয় করেছি। তার অনেক কিছুর অভাব আছে জানি, নারীসূলভ মিথ্যে সেও বলে। তবু বারবার তার কাছে যেতে হয়। আজকের ঘটনা তার প্রমাণ। আমি জানিনে, কোনো গোপন দলের সঙ্গে তার যোগাযোগ আছে কি না। যদি থাকে তার এবং আমার জন্য খুবই দুঃখজনক হবে। সে ঠিক রাজনীতি করার উপযুক্ত নয়। আর গোপন রাজনীতির ভবিষ্যত এদেশে অঙ্ককার বলে মনে হচ্ছে। চীনের চেয়ারম্যান কি করে আমাদের চেয়ারম্যান হতে পারেন, আমি ঠিক বুঝতে পারিনে। সে যাক, তবু মাঝে মাঝে মনে হয় শামীমকে আমি ভালোবাসি। য.প্রা. মেয়েটা বোধহয় ধ্রংস হয়ে যাবে। কারণ সে এমন একটা কিছু গোপন করছে এবং সে গোপনীয় বিষয়টা আবার এমন কতিপয় মানুষ জানে, যার ফলে তাকে কতেক শিক্ষিত শুণার মন যুগিয়ে চলতে হচ্ছে। আমার চোখে এটা অধঃপতন মনে হচ্ছে। মেয়েরা ঠিক এরকমই হয়ে থাকে। যে কাকের মতো নিজের চোখ বন্ধ করে কিছু

ଲୁକିଯେ ମନେ କରେ ଆର କେଉ ଦେଖତେ ପେଲୋ ନା । ଆମି ଯେ ରକମ ଭେବେଛି ହେଲାଲ୍ ଓ ଏକଇ ରକମ ଭେବେଛେ । ହମାୟନେର ମୃତ୍ୟୁ ଏକଟା ରହସ୍ୟ ହଲେବ କିଛୁ କିଛୁ ଆଲୋକ ଯେନେ ଦେଖତେ ପାଞ୍ଚି । ଏଟା କି ରାଜନୈତିକ ହତ୍ୟା? ନାଓ ହତେ ପାରେ । ଆମାର ତୋ ମନେ ହୟ ପାରିବାରିକ କୋନ୍ଦଳ, ବ୍ୟକ୍ତିଗତ ଶକ୍ତିତା, ନାରୀ, ଯୌନତା ଏସବ କାରଣତେ ହତେ ପାରେ । ଆବାର ସବକିଛୁର ସଙ୍ଗେ ଜଡ଼ିଯେ ଓପରେ ଏକଟା ରାଜନୈତିକ ଆବରଣ ଥାକତେ ଓ ପାରେ । ହମାୟନେର ଛେଲେମେଯେକେ ଭାଲୋବାସି । ତାର ଶୂତି ମେହତରେ ଲାଲନ କରି— କି ଜାନି କେନୋ ତାକେ ଶ୍ରଦ୍ଧା କରତେ ପାରିନେ । ମାନୁଷ ହିସେବେ ବୋଧ ହୟ ସେ ଖୁବ ଉଦାର ଛିଲୋ ନା । ଏହି କି କାରଣ? ଆଜକେ ଆବାର ଏକଟା ଅବାକ ବ୍ୟାପାର ଲକ୍ଷ୍ୟ କରଲାମ । କାଗଜେ ଆମାର ରାଶିତେ ଦେଖଲାମ ଆଜ ଆମାର ସମ୍ମାନ ବାଡ଼ିବେ । କିଭାବେ ଯେ ସମ୍ମାନ ବାଡ଼ିରେ କଲ୍ପନା ଓ କରତେ ପାରିନି । କିନ୍ତୁ ଖେତେ ଯେଯେ ଖବର ପେଲାମ ଆମାକେ ଆନ୍ତର୍ଜାତିକ ଇତିହାସ ସେମିନାରେ ପ୍ରବନ୍ଧ ପଡ଼ାର ଜନ୍ୟ ମନୋନୀତ କରେଛେ । ଗତ ପରଶ୍ଵର ଏ ଧରନେର ଏକଟା ବ୍ୟାପାର ଘଟେ ଗେଛେ ।

ଆମାକେ ଆରୋ ଚେତନାସମ୍ପନ୍ନ ହୟ ଉଠିତେ ହବେ । ଗୁଡ଼ିକଯ କୁ-ଅଭ୍ୟେସ ଛେଡେ ଦେବୋ । ରେବୁଦେର ଓଖାନେ ଯାଓଯା ବାଦ ଦେବୋ । କୋଲକାତାର ଶୂତିଟା ଲେଖାର ଚଷ୍ଟା କରତେ ହବେ । ଏକ ଏକଟା ଦିନ କେମନ ଗଡ଼ିଯେ ଗଡ଼ିଯେ ଯାଚେ । ଜୀବନଟା ଭାରୀ ହୟ ଉଠିଛେ ।

୬ ମାର୍ଚ୍ଚ, ୧୯୭୩

ଆମାର ଜୀବନଟା ଦୁଃଖମ୍ୟ । କିନ୍ତୁ ଆଶର୍ଯ୍ୟର ବ୍ୟାପାର, ଏହି ଦୁଃଖଟାକେଇ ଆମି ଭୁଲେ ଥାକି । ବୈଜ୍ଞାନିକ ନିର୍ଲିଙ୍ଗତା ଏବଂ ଅନପେକ୍ଷତା ନିୟେ ବେଶିରଭାଗ ସମୟେ କାଜ କରତେ ପାରିନେ । ତାଇ ଚରିତ୍ରେ ଦୁଇ ବିପରୀତମୁଖୀ ଶକ୍ତିର ମଧ୍ୟେ ଏକଟା ମାଝବିନ୍ଦୁ ଆବିକ୍ଷାର କରା ପ୍ରାୟଇ ଘଟେ ନା । ଏକଦିକେ ଅଂକ, ଶୀତଳ ଚୁଲଚେରା ଯୁକ୍ତି, ବିତର୍କ, ବିଚାର ଏବଂ ଅନ୍ୟଦିକେ ଅପରିମିତ ଆବେଗ — ଏହି ଦୁ'ଯେର ଏକଟା ସମତା ସାଧନ କରତେ ପାରିନି — ନା ଜୀବନେ, ନା ଶିଳ୍ପେ । ତାଇ ଆହମଦ ଛଫା ବଲତେ କ୍ଷେପା, ଏକଗୁଯେ, କାଲାପାହାଡ଼ ଧରନେର ଏକ ଧାରଣା ସକଳେର ମନେ ଉଦୟ ହୟ । ଅର୍ଥଚ ନିର୍ଜନ ମୁହଁର୍ତ୍ତ, ଦୁଃଖେର ସମୟେ ଆମି ନିଜେର ମଧ୍ୟେଇ କତୋ ମହତ୍ଵର ସମାବେଶ ଦେଖତେ ପାଇ । ଆମାର ସମ୍ବନ୍ଧେ ସବଚାଇତେ ଟ୍ରାଜେଡ଼ି ହଲୋ, ଆମି ନିଜେର ମଧ୍ୟେ ଦୂରତେ ପାରିନି । କମ ବୟସେ ଯେ-ରକମ ତନ୍ୟତା ଅନୁଭବ କରତାମ, ଯାର ପ୍ରସାଦେ ବାନ୍ଧବେର ବିଷଦ୍ଧିତର ସ୍ପର୍ଶ ଭୁଲେ ଥାକତାମ, ଇଦାନୀଁ ମନେ ହଚ୍ଛେ ହାରିଯେ ଫେଲେଛି । ଏଭାବେ ଯଦି ଦୀର୍ଘଦିନ ଚଲେ ମାନସିକ ସମସ୍ତ ସୌନ୍ଦର୍ଯ୍ୟ ହାରିଯେ ବସବୋ । ନିଜେକେ ବାରେବାରେ ପ୍ରଶ୍ନ କରି, ଆମି କି ସତିକାରଭାବେ ନାରୀ ବିଦେଶୀ? ନାକି ମନେର ମତୋ ମେଯେ ମାନୁଷ ପାଇନେ ବଲେଇ ଏ ରକମେର ହାସଫାସ କରଛି । ମେଯେଦେର ମଧ୍ୟେ ହିରତା ଏବଂ ସରଲତା ଏ ଦୁ'ଟୋ ଗୁଣକେଇ ଆମି ଦାମ ଦେଇ । ଅର୍ଥଚ ଯାଦେର ସଙ୍ଗେ ଦେଖି, କଥା ବଲି ଏମନକି ଯାରା ସ୍ଵପ୍ନେ ଏସେ ଚରିତ୍ର ହନନ କରେ, ତାଦେର କେଉ ଯେନୋ ଆମାର ଯୋଗ୍ୟ ନୟ । ଆମାର ଭେତରେ କି ପ୍ରଚାନ୍ଦ ଅହଂକାର ଶିଳାମ୍ୟ ପର୍ବତେର ମତୋ ଜମାଟ ବେଁଧେ ଆଛେ? ନିଜେଓ ଟେର ପାଇନେ । କଥନୋ କଥନୋ ତାର ଝଜୁ କଠିନ ଚେହାରା ଦେଖେ ନିଜେଇ ଭୟ ପେଯେ ଯାଇ । ଯତୋଗୁଲୋ ମାନୁଷ

দেখেছি আমার চাইতে দুঃসাহসী, উচ্চাকাঙ্ক্ষী ও জেনী কোনো মানুষ এ পর্যন্ত দেখিনি। কখন, কি করে যে আমার মনের মধ্যে আকাশে মাথা তলে দাঁড়াবার ধারণা গেঁথে গেছে নিজেও জানিনে। যখনই কোনো মেয়ের সঙ্গে ঘনিষ্ঠিতায় এসেছি আমার সে উদ্কৃত অহঙ্কৃত আত্মবিশ্বাসে ঘা লাগে, প্রেম-টেম সব কোথায় চলে যায়। নেপোলিয়নের জীবন আমাকে সবচাইতে প্রভাবিত করেছে। বিশাল আকাশের মতো মনসম্পন্ন একজন মহিলা আমার চাই। সুউচ্চ হিমালয় যেমন করে তুঙ্গশৃঙ্গে বিরাট আকাশকে অনায়াসে উঁচু করে রাখতে পারে, তেমনি একখানি বিশাল হৃদয় আমার চাই। যতোদিন না পাই, চলতি মহিলাদের পায়ে দলে যাবোই। তার মানে এই নয় যে, মহিলাদের আমি অসম্মান করি বা নারীত্বের প্রতি শ্রদ্ধাশীল নই। কিন্তু কি করবো, মনের সঙ্গে মেলে না, তাই ছেড়ে যাই। ব্যথা কি নিজে পাই না? খুবই ব্যথা পাই। পাঁজর ভেঙ্গে যেতে চায়। কাউকে শখ করে ব্যথা দেইনি, অনেকে ব্যথা পেয়েছে। সবসময়ে এমনকি ঘূর্মে, আধঘূর্মেও আমার আশা-আকাঙ্ক্ষা আমার লক্ষ্যের দিকে কম্পাসের কাঁটার মতো এমনভাবে হেলে থাকে যে তারা যে-রকমটি প্রত্যাশা করে সে-রকম আচরণ করতে পারিনে। আমি যদি কিছু অসাধারণ না করতে পারি— এই না করার ব্যথা বুকে নিয়ে মারা যাবো। নিজেকে নিচে নামাতে পারবো না। জীবনের কাছে আমার প্রার্থনা, হে জীবন, তুমি যদি দ্রুত পক্ষ ঈগলের মতো অভীষ্ট অভিযুক্ত বাতাসে ভর করে ছুটতে না পারো, সেইখানে থেমে যেয়ো। কর্মহীন, গর্বহীন আমাকে কেউ যেনো জীবিত দেখতে না পায়। আমি যেনো লোতের কাছে, মোহের কাছে, হীনতা, পরবশ্যতা এবং আলস্যের কাছে পরাজিত না হই। প্রতিদিন জীবনের দিকে এই যে ম্যাগনিফায়িং প্লাস দিয়ে তাকাচ্ছি, এতে একটি লাভ হচ্ছে। নিজেকে আরো ঘনিষ্ঠভাবে চিনতে পারছি। দায়িত্ব এবং লক্ষ্যের চেহারা আর মাঝপথের ধাপগুলো স্পষ্ট আকার নিচ্ছে। লোকে যাই বলুক, যাই অনুভব করুক নিজের কাছে আমি অনন্য। দুঃখগুলো হজম করতে পারি বলে, ব্যথাকে অপমান করিনে বলেই আমার সবটাই আমার। আমার জীবন আমারই নির্দেশ মেনে চলবে এ-রকম ভরসা অন্তত করতে পারি।

৭ মার্চ, ১৯৭৩

একেকটা দিন কতো তাড়াতাড়ি আসে আর কতো তাড়াতাড়ি-বা ফুরিয়ে যায়। আমার মুশকিল, আমি মনের টানে ভেঙ্গে যেতে পারিনে। বারোয়ারীভাবে মাতাল হতে পারার একটা সাম্ভূতি আছে। একটা বিষয় এখখনি মনে পড়ে গেলো। বাইরের পারিপার্শ্বিক শক্তির চাইতে আমার চরিত্রের শক্তি অনেকগুণে বেশি। তাই আমার জীবনে কোনো চমক নেই। অনেকে আছে জীবনে নাটকের স্বাদ অনুভব করার জন্যে চমক সৃষ্টি করে থাকেন। প্রায়শঃ এমন হতে দেখি। অন্যের দৃষ্টিতে চমকপ্রদ হতে পারে, এমন ঘটনাও আমার দৃষ্টিতে নিতান্ত সাধারণ এবং আটপৌরে ঠেকে। যদি পৃথিবীর শ্রেষ্ঠতম সম্মানেও ভূষিত হই, তবু একটুও অপ্রস্তুত আমাকে হতে হবে না। তার কারণ আমার ভেতরে একজন বৈরাগী নিবাস করেন।

সকালবেলা রাজ্ঞাক স্যারের কাছে গিয়েছিলাম। উনি আমাকে স্নেহসহকারে গ্রহণ করেছেন, বই দিয়েছেন, সাহায্য এবং সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েছেন। এটাকে আমি সৌভাগ্য বলে মনে করি। লোকে যতোই বলুক, তাকে অসম্মান কিংবা অশুঙ্খা করার কোনো কারণ আমি খুঁজে পাইনি। তিনি রওনকের সঙ্গে কাগজ বের করা নিয়ে কথা বলতে বললেন। পরে জানতে পেলাম, তিনি হার্ভার্ডের ডষ্ট্র এবং মহিলা।

রেবুদের বাসায় এককাপ চা খেলাম। মেয়েটার মনে এমন দৃশ্যতা, দোদুল্যমানতা দৃকেছে, চোখে-মুখে ছাপ পড়েছে। প্রত্যেক মানুষকে নিজের নিজের ব্যাপারে এতোটা তন্মুখ থাকতে হয়, অপরের কথা চিন্তা করার অবকাশ কই। মাহবুব এবং আফতাবের অপসারণ সংবাদ শুনে মনে হলো বোমার স্প্লিন্টার বিধে গেলো। ক্ষোভে-রাগে শরীরে রঞ্জ টানটান হয়ে এলো।

চারদিকের আঁটোসাঁটো পরিবেশের মধ্যে হাঁফিয়ে উঠছি। কারো সঙ্গে মেলাতে পারছিনে। কী তীব্র বেদনা, বুকের ভেতরের চেকন স্নায়শিরাগুলো ইলেকট্রিক হিটারের মতো জুলতে থাকে। এই আগুন দিয়ে রান্না করতে পারবো না। ঘর জুলানো আগুন। নিজেকেই বোধ হয় ধ্বংস করে ফেলবে। সব মানুষকে অপূর্ণ, অসম্পূর্ণ, কল্পনাহীন, অসভ্য মনে হচ্ছে। এর কারণ আমার যথাযোগ্য ভূমিকাটি পালন করতে পারছিনে। এখনো আমার ভেতরে যুক্তিহীনতা, তামসিক প্রবৃত্তি এবং চিন্তাহীনতা রয়ে গেছে। তাই বাস্তবে মুখোমুখি তাকাতে পারছিনে।

আজ বাংলাদেশের আওয়ামী লীগ সরকারের নির্বাচনী পুতুল খেলা হয়ে গেলো। কাউকে ভোট দিতে হয়নি, খুশি হয়েছি তাই। ছাদে যেয়ে শার্মীমকে দেখতে চেষ্টা করেছি। মেয়েটা ভয়ে কেঁচো হয়ে গেছে। সাঁর্টের 'Age of reason' পড়েছি। বিকেলে রেবুদের বাড়ির গোড়া থেকে ফিরে এসেছি। ওদের ওখানে আসর বসেছে। দুঃখের বিষয় আমি আসরের মানুষ নই— আমি নির্জন মানুষ এবং আমার প্রকৃতি বিষণ্ণ। বেশিক্ষণ উল্লাস সহ্য করতে পারিনে।

১০ মার্চ, ১৯৭৩

আজ সকালে উঠেই একটা অপ্রীতিকর অবস্থার সম্মুখীন হলাম। আনিস তাকে উপহার বুদ্ধিবৃত্তির নতুন বিন্যাস' খুলে দেখালো যে, স্নেহাস্পদেষু লিখে আমি ভুল করেছি। ক্যান্টিনে যেয়ে আরো এক বীভৎস দৃশ্য দেখলাম। ওবায়দুর রহমান নামে এক ভদ্রলোক ক্যান্টিনের ছেলে মুশাররফকে একটা ঠাস করে ঢড় দিলেন। ছেলেটার কোনোও অপরাধ ছিলো না। ঢড় খেয়ে ঝরবর কেঁদে গেলো। গোটাদিন তার কান্নার দৃশ্যটি ভুলতে পারিনি। মানুষ এমন নিষ্ঠুর হয়, আর দুর্বল পেলে এমন অত্যাচার করে। বাংলা একাডেমীতে দুঃসংবাদ শুনলাম। 'স্বদেশ' দ্বিতীয় সংস্করণ একাডেমী ছাপবে না। আমি চ্যালেঞ্জ দিয়েছি মযহারুল ইসলামকে পেটাবো। অনেকক্ষণ অপার তর্জন করে

অফিসে গেলাম। সেখানেও ব্যর্থ হলাম। নুরুল হৃদা সঙ্গে ছিলো। তারপর কাজী ফারহকের দোকান হয়ে 'সমকাল'। সিকান্দার আবু জাফর সাহেবে ক্রমাগত মানবতা হারিয়ে ফেলছেন। এখন তাঁর সত্ত্বার সমষ্টি আলো মরে গেছে। ফিরে রাজ্ঞাক সাহেবের সঙ্গে দেখা করতে গিয়ে পেলাম না। দেখলাম, আহমেদ কামাল তার প্রেয়সীকে নিয়ে গল্প করছে। নওয়াবের সঙ্গে দেখা হলো। সে আজ খুব মনমরা। মুস্তফার অসুখের খবর শুনলাম। এসে হোসনে আরার চিঠি পেলাম। খেয়ে তারপর ঘুমালাম। ঘুম থেকে উঠে রিকশা করে নিউ বেইলী রোডে হোসনে আরার যৌজে যাওয়া হলো। দিনটাই অপয়া। মহিলা নেই। তারপরে একদম লাইব্রেরিতে। শিক্ষকেরা যেখানে পড়াশোনা করেন, কৃষ্ণলীলা দেখলাম। আশ্চর্য। একটা সম্পূর্ণ ভিন্ন ধরনের বই পড়লাম। বইটায় সত্য-মিথ্যে যাই থাকুক, একটা গুণ আছে। মনটাকে একেবারে একমুখী করে এনেছে। অস্তি ত্বকে একেবারে নতুন করে অনুভব করতে পারছি। মুস্তফাকে দেখতে গেলাম। সে নেই। এখন খেতে যাচ্ছি।

১১ মার্চ, ১৯৭৩

আজ খুব সকালে বিছানা ছেড়েছি। দাঢ়ি কেটেছি। স্নান করেছি। পূর্বদিনের প্রতিজ্ঞা মতো শুধু কলা দিয়েই সকালবেলার টিফিন সেরেছি। তারপরে Lenin-এর 'Development of Capitalism in Russia' বেশ কিছুদূর পড়লাম। এ বই গেলার উপায় নেই। চিবুতে হলো। লেনিন সাহেবে ভালো মানুষ, পণ্ডিত মানুষ। বইগুলো আর একটু সরল করে লিখলে বিপুবের বোধ হয় বেশি ক্ষতি হতো না। রেবুর বাসায় গেলাম। সভা হলো— যদি একে সভা বলা যায়। মনোয়ার, সাঙ্গীদ আর নওয়াব তিনজনের ওপর বইয়ের সব দায়িত্ব ছেড়ে দেয়া হলো। সাঙ্গীদ আর মনোয়ার পাবেন দু'শো টাকা করে আর নওয়াব পাবেন একশো টাকা। প্রসঙ্গের বিষয়ের দায়িত্ব গ্রহণ করলাম একা আমি। ভাবতে ভালো লাগছে যে, রেবুদের বাড়িতে আজকে অনেকটা স্থির থাকতে পেরেছি। এই স্থিরতাটা প্রয়োজন। নয়তো আমি প্রলোভনের কাছে পরাজিত হবো। আমি ধারালো তলোয়ায়ের ওপর দিয়ে হাঁটছি। সরলতা এবং সততাই আমার মূলধন। সকলের সঙ্গে সবদিক দিয়ে একটা স্বাভাবিক সম্পর্ক যদি রাখতে পারি নিজেকে ভাগ্যবান মনে করবো। আলী মনোয়ারের একটা রচনা শুনলাম। তিনি যেখানে বেশি মনোযোগ দেয়ার প্রয়োজন সেখানটিতেই এড়িয়ে গেছেন। এটা মধ্যবিত্ত চরিত্রের একটা মারাত্মক বিভ্রান্তি। তারা হয়তো চিন্তা করে ঠিক, কিন্তু কাজের বেলায় করে উল্টো। আজ সত্য সত্য নিরামিশ দিয়ে খেলাম। দুপুরে ঘুমুতে চেষ্টা করেছি। শামীম আর হোসনে আরা এসেছিলেন। খুব শিগ্গির চলে গেলেন। আমি কলেজে গেলাম। আগামীকাল থেকে লেডিজ ক্লাবে যেয়ে হোসনে আরাকে dictation করা স্থির হলো।

সঙ্ক্ষেবেলায় অসীম এলে হোস্টেলের সামনে একটা গানের আসর বসলো। চমৎকার

কীর্তন গাইলো অসীম। আমি আর আনিস শামীমের কলেজের সামনে দিয়ে হেঁটে এলাম। মুজিববাদী ছেলেরা ভয় ধরিয়ে দিতে চেষ্টা করছে। আমি কিছু বলবো না। শরীফ স্যারের বাড়িতে গিয়েছি। আজ রাতে একটা কবিতা লিখেছি।

১২ মার্চ, ১৯৭৩

মেয়েদের একটা চমৎকার শক্তি আছে। এতোদিন হতাশ অবস্থায় কাটিয়ে এসেছি। গতকাল হোসনে আরাকে ডিকটেশন দেয়ার কথা হির হওয়ার পর নতুনভাবে কাজ-কর্ম করার স্পৃহা অনুভব করছি। সকালে উঠেই নাস্তা করার পর লেনিনের 'Development of Capitalism in Russia' পড়েছি। গোটা এক অধ্যায়। তারপর রাজ্ঞাক স্যারের কাছে। স্যার আমাকে নোটটা করে দেখাতে বললেন। লাইব্রেরিতে ঢুকলাম। 'Day after life' বইটি আমি যে কেনো পড়ছি নিজেও জানিনে। জীবনে কি ধ্যানের কোনো স্থান আছে? দেবসন্তা জাতীয় কোনো কিছু যদি সৌরলোকে থেকে থাকে অন্তত আমি সান্ত্বনা পাবার মতো কিছু পাবো। সূর্যের মহিমা ওনতে ভালোলাগে। এখনো মর্মগতভাবে উপলব্ধি করতে পারিনি। অস্পষ্টভাবে হলেও তিনি যে তেজ, বীর্য, শক্তি এবং প্রাণের প্রতীক সেটুকু বুঝতে পারি। আমি ভাবছি সূর্যলোকধর্মী মানুষদের কথা। রবীন্দ্রনাথ বলেছিলেন, সুভাষচন্দ্র বসু মধ্যাহ্নের উজ্জ্বল রোদুর দিয়ে গড়া। জীবনে এবং জীবনের সাধনায় প্রচুর তেজীয়ান রোদু ধারণ করার নামই কি সত্য সাধনা? হায়রে আমি কতো অসহায়! আমার মধ্যে যেনো spirit বলতে কিছু নেই। রক্ত-মাংসের দাবি আমাকে এমনভাবে তাড়িয়ে নিয়ে বেড়াচ্ছে, চোখ মেলে দূরের জিনিমের দিকে তাকাতেই পারছিনে। সে যাক, আসার পথে রেজিস্ট্রার অফিসে দ্বিতীয়বার জেনে এলাম যে, বিশ্ববিদ্যালয়ের বৃত্তিটা আমিও পেয়েছি। কক্ষে এসে সিরাজ এবং নীতীশের চিঠি পেলাম। বাড়ির জন্য মনটা হু হু করছে। এতো টাকা কি করে যোগাড় করবো বুঝতে পারছিনে। আজিমপুর যেতে একটু দেরি হলো। হোসনে আরা একটু অপেক্ষা করে নাকি চলে গেছেন। বারোটা পর্যন্ত তার বসা উচিত ছিলো। এসে খেয়ে ঘুমিয়ে পড়লাম। ঘুম থেকে উঠে নোট করতে বসলাম। ফজলু এলো। একটু পরে নওয়াবকে নিয়ে শামীমের হোস্টেলে গেলাম। তার শিক্ষক জনাব দেলোয়ার হোসেন খানের সঙ্গে দেখা হলো। আজকের দিনটা শান্তভাবে কাটলো।

১৩ মার্চ, ১৯৭৩

আজ খুব সকালে উঠেছি। গতরাতেই লিখেছি, এখন থেকে আমার কাজ-কর্ম যেনো নতুন একটি দিকে, একটি নতুন কেন্দ্রের অভিমুখে ধাবিত হচ্ছে। যতোই আমি প্রবৃত্তিকে জয় করতে পারছি ততোই যেনো হালকা হয়ে উঠেছি। এসব নিরামিষ ভক্ষণের ফল কিনা বলতে পরবো না। মহিলার প্রভাবও হতে পারে। আমার ঠিক অংগুগতি হচ্ছে না, হয়তো হতে পারে এসব নিছক মনের কল্পনা।

কলেজে যেয়েই শ্যামাকে পেলাম। মেয়েটাকে দেখে মনে হলো এই প্রথম দেখলাম। অনেক বদলে গেছে। প্রতিটি স্পর্শেই কেঁপে ওঠে। আর্টস কলেজের চতুরে বসেছিলাম দু'জন। শিশুসূর্য একটু একটু বিস্ফারিত হতে লেগেছে, লতা-গুলাগুলো দুলে দুলে যাচ্ছিলো, একটানা কোকিল ডাকছিলো, সর সর হাওয়া বইছিলো। এই ধরনের পারিবেশে একটা যৌবনবত্তি নারীর সঙ্গে বসে গভীর গাঢ় কথা উচ্চারণ, তার কি আবেশ, কি পুলক আমি ভাষায় প্রকাশ করতে পারবো না। শ্যামাকে বলতে ইচ্ছে হয়েছিলো— কথাটা জিভের ডগায় অনেকক্ষণ ঝুলেছিলো, আমার বৌ হবে? শেষ পর্যন্ত বলা হয়নি। সেকি আমার বৌ হবে?

ଲାଇଟ୍‌ରିଟେ କିଛୁକଣ ଶଂକରେ 'ଏପାର ବାଂଲା ଓପାର ବାଂଲା' ଉପନ୍ୟାସଖାନା ପଡ଼ିଲାମ । ତାରପର ଆଜିମପୁର ଲେଡ଼ିସ ଫ୍ଲାବେ ଯେଯେ ହୋସନେ ଆରାକେ ଘନ୍ଟା ଦେଡ଼େକ ଡିକଟେଶନ ଦିଲାମ । ଏସେ ଖେଯେ ଘମୋଲାମ ।

ঘূম থেকে উঠে চা খেয়ে বাংলাবাজার। শ্যামার কলেজে যাই যাই করেও যাওয়া হলো না। প্রকাশভবন পরশুদিন টাকা দিবেন বললেন। আনিস সঙ্গে ছিলেন। কবি জসীমউদ্দীন সাহেবকে ‘বৃক্ষিবৃত্তির নতুন বিন্যাস’ খানা উপহার দিলাম। আতিকদের বৌভাতের নিম্নগঠটা গ্রহণ করতে পারলাম না। খুব গাঢ় ইচ্ছেও আমার ছিলো না। রেবুদের বাড়িতে গেলাম। নওয়াবকে পেলাম না। এখানে নাকি অধ্যাপক স্বপন আদনান আমার অপেক্ষা করে গেছেন। হলে এলাম। এখানেও নাকি তিনি এসেছিলেন।

୧୫ ମାର୍ଚ୍ଚ, ୧୯୭୩

মাঝখানে একদিন ডায়েরি লিখিনি। সকালে উঠে সায়ীদসহ বাণিজ্য মন্ত্রী এম. আর. সিদ্ধিকীর বাসায় গেলাম টি.সি.বি-র কাপড়ের মঞ্চুরির জন্য। হলো না। আর্ট কলেজে এসে শ্যামার সঙ্গে বসে চা খেলাম। তারপর রেজিস্ট্রারের অফিসে গেলাম। আজিমপুরে যেয়ে হোসনে আরাকে খবর দিয়ে এলাম, ক'দিন কাজ করতে পারবো না। আই.আর.সিতে ড. ওয়াজিহুর রহমানকে খোঁজ করলাম, পেলাম না। এসে টেলিফোনে এম. আর. সিদ্ধিকীর সঙ্গে যোগাযোগের চেষ্টা করে পেলাম না। অঙ্গোভক্ষির 'ইস্পাত' বইটি দু'টি খণ্ড ধারে কিনে এনেছি। খেয়ে এসে ঘুমোতে চেষ্টা করে পারলাম না। অঙ্গোভক্ষি পড়তে শুরু করলাম। নওয়াব এলো। বাংলাবাজার গেলাম। কে জানি মরেছে, বাংলাবাজার বন্ধ। হেঁটে হেঁটে, রেবুর বাসায় এলাম। সেখানে নওয়াব এবং অরুণ এলো। প্রসঙ্গের বিজ্ঞাপন ফর্মটা তৈরি করলাম। এসে খেয়ে এম. আর. সিদ্ধিকীর বাড়ি যেয়ে অনুমোদন নিয়ে এলাম। অঙ্গোভক্ষি শেষ করলাম। বাড়িতে এবং শ্যামাকে চিঠি লিখলাম।

১৬ মার্চ, ১৯৭৩

গতরাতে আমার ঘূম হয়নি। তার কারণ নানারকম। গতদিন সকালে শ্যামার সঙ্গে দেখা করতে পারিনি, এম. আর. সিদ্দিকীর বাড়িতে যেয়ে কাজ হয়নি, শিক্ষা গবেষণা কেন্দ্রে ড. ওয়াজিহুর রহমানকে পাইনি। হোসনে আরার সঙ্গে দেখা হয়নি। দুপুরে মন্ত্রীর সঙ্গে যোগাযোগ করতে চেষ্টা করে ব্যর্থ হয়েছি এবং বিকেলে বাংলাবাজার অবধি যেয়ে ব্যর্থ হয়ে ফিরে আসা—এর সবগুলোই তার কারণ হতে পারে। প্রায় না ঘূমিয়েই রাত কেটেছে।

আজ সকালে একটু দেরিতে ঘূম ভেঙেছে। হ্রাসকৃত পরিমাণ নাস্তা করে বাংলাবাজার গিয়েছি। ঘূরে ঘূরে ছেলেদের বই যোগাড় করেছি। প্রকাশ ভবনের হক সাহেব অনেক দেরি করালেন। শেষ পর্যন্ত যখন টাকা পেলাম ডাকঘর বন্ধ হয়ে গেছে। খুব তাড়াতাড়ি হলে চলে আসতে হলো। শুনলাম কাপড় পাবে— এ আনন্দে সকলে জয়খনি করছে। কতো অল্পে সম্প্রস্ত এই মানুষ। কি দুর্বার তার লোভ! শ্যামাদের কলেজে গেলাম। তাকে বিশ টাকা দিলাম। মেয়েটাকে আজ নিষ্প্রাণ মনে হলো। এসে ঘুমোতে চেষ্টা করেও পারলাম না। বইগুলো প্যাকেট করে জিপিওতে চলে গেলাম। বাড়িতে ১২০ টাকা মনি অর্ডার করলাম। আর বইগুলো ছেলেদের কাছে রেজিস্টার্ড বুক পোস্ট করে পাঠালাম। তারপরে শরীফ মিয়ার ক্যান্টিনে এসে এককাপ চা খেয়ে নিলাম। নুরুল হৃদা আর হেলালকে নিয়ে রেবুদের বাড়িতে গেলাম। ওথানে গানের আসর বসেছে। আমি একাকী বিষন্ন মানুষ। চলে এসেছি। ভালো লাগে না। দিনটা অত্যন্ত ব্যস্ততার মধ্যদিয়ে কেটেছে।

নিজেকেই প্রশ্ন করছি, এই সমাচ্ছন্ন অঙ্ককারে আমি কি নিজের গন্তব্য অভিমুখে অগ্রসর হতে পারছি? এখনো তো কর্তব্যকর্মের মধ্যে নিজেকে ডুবিয়ে দিতে পারছিনে। প্রচও একটা আমিত্ব এখনো চারদিকে বেষ্টনী রচনা করে রেখেছে। চারদিকে যশ, মান, সফলতা এবং কামনার স্রোত ইছে প্রবল বেগে, অথচ আমি যেনো কিছুতেই নেই। বড়ো ক্লান্তি বোধ করছি। মা এবং ভাইয়ের ছেলেদের কথা মনে পড়ছে। আমাকে পরিবারের প্রতি কর্তব্য করতেই হবে। তার রূপরেখাটি এখনো আভাসিত হয়ে উঠেনি। আমি যেনো জীবনকে সামনাসামনি অনুভব করছি।

১৭ মার্চ, ৭৩

আজ খুব সকালে জেগেছি। নাস্তা করে শ্যামার কলেজে গিয়েছি। তাকে একটা প্রশ্ন মুখে মুখে বলেছি। মেয়েটি দিন দিন সুন্দরী এবং রহস্যময় হয়ে উঠেছে। এখন আমার সঙ্গে তার পরিচয় আছে এটা সকলকে যেনো গর্ব ভরে দেখাতে চায়। সবকিছু শান্তভাবে প্রাপ্ত করতে পারে। আমরা দাঁড়িয়েছি দু'জনে, হঠাৎ শ্যামা একজন লোকের দিকে দৃষ্টি আকর্ষণ করলো। সেই জাহাঙ্গীর। আমাদের হোস্টেলের ১০৯ নম্বরে থাকে।

ছেলেটা কি শ্যামার প্রেমে পড়লো? এসে লেনিনের বইটির প্রায় ২০০ পৃষ্ঠার মতো পড়লাম। দুপুরের খাবার খেয়ে ঘুমোলাম। ঘুমের মধ্যে এলো আনিস। তারপর ফজল আহমদ। তারপর সবদার সিদ্ধিকী। বেশকিছুক্ষণ ঘুমিয়ে হ্যায়ন আহমেদের বাসায় যাওয়া হলো আনিসসহ। ওদের ওখানে গেলে এক ধরনের বিষন্নতাবোধ আমাকে ছেয়ে ফেলে। মনে হয় নির্যাতিত, নিপীড়িত বিহারীরা আমার কানে ফিস ফিস করে কথা বলে। ওহ আজকে দুপুরে আমি ভাইকে স্বপ্নে দেখেছি। ঘুম একটু তরল হয়ে এলো। সিরাজ ছেলেটার প্রতি গভীরতম মমতা অনুভব করলাম। মনে মনে শপথ নিয়েছি তাদের জন্য কিছু না করে জীবনের অন্য কোনো ব্রত পালন করবো না। বাংলাদেশের ইতিহাস লেখার সমস্যা নিয়ে জনাব মতিনউদ্দীন সাহেবের সঙ্গে আলাপ হলো।

১৮ মার্চ, ৭৩

আজ ভোর হবার আগে ঘুম ভেঙ্গেছে। পয়লা চোখ মেলতে ইচ্ছে করেনি। তারপর 'ইস্পাত' বইখানার বেশ কিছুদূর পড়ে স্নান করতে গিয়েছি। নাস্তা খাওয়ার পরে 'Development of Capitalism in Russia' বইখানির বেশ কিছুদূর পড়লাম। নটার দিকে হবে বোধহয়, রেবুদের বাসায় গেলাম। একটা দোতারা কিনলাম। এই যে স্বতঃকৃত্তা আমার চরিত্রের কি করে যে ঢেকে রাখবো বুঝতে পারছিনে। দু'টো টাকা জলে গেলো। নওয়াব বাসায় নিয়ে এলো। সে এডগার স্নোর বইখানি পড়ছে। ফজল আহমদ এবং আর দু'জন এলেন। একজন তার শ্যালক। বই জোগাড় করে দিতে হবে। ভাত খেলাম। কাপড় ধুয়ে দিলাম। ঘুমোলাম। মনওয়ার এবং মসি এসে জাগালো। মসি ছেলেটাকে আমি ভয়ঙ্কর অপছন্দ করি। মনে হয় ছেলেটা কি একটা মতলবে ঘুরছে। আমার ধারণা হ্যায়নের মৃত্যুরহস্যটা সে জানে। দিনে দিনে এ ধারণাটা আমার মনে পরিষ্কার রূপ লাভ করছে। কেমন জানি মনে হয়, ছেলেটার হাতে রক্তের দাগ লেগে আছে। এ ধরনের ছেলেদের কি করে এড়িয়ে চলবো সেটা একটা সমস্যা। রেবুদের সঙ্গে সমস্ত সম্পর্ক ছিনু করতে হবে সম্ভবত। এখনো চূড়ান্ত সিদ্ধান্ত করতে পারিনি। আশা করছি এরই মধ্যে নতুন কোনো তথ্য জেনে যাবো। ফরহাদ মজহারের আমেরিকা প্লায়ন, সালেহার সঙ্গে স্বামীর পুনর্মিলন এ সবের সঙ্গে বোধ হয় হ্যায়নের মৃত্যুর একটা সম্পর্ক জড়িত রয়েছে।

দুপুরে 'ইস্পাত' বইটি শেষ করলাম। আশ্চর্য বই। আমিও তো এই লেখকের মতো। তবু বাবেবারে কেনো ভুল করি বুঝতে পারিনে। আমিও তো ঝড়ের সত্তান। কিন্তু নিজের ভেতরে এতো স্ববিরোধী বিস্তর সমাবেশ দেখে নিজেই বিস্মিত হই। এখন কাজের কথায় আসি। লেনিনের বইটা প্রায় শেষ করে এনেছি। এ সময়ে জিন্নাত আলী এলেন। তাঁকে খুবই অন্যরকম দেখলাম। তিনি কাগজ বের করার প্রস্তাব করলেন। আমিও রাজি হয়ে গেলাম। কিন্তু কেনো যে রাজি হলাম নিজেও ঠিকমতো বুঝতে

পারলাম না। এখন চিন্তা করে দেখছি উনার সঙ্গে আমার মানসিকতার সামান্য মিল থাকলেও আমরা দু'জন দু'রকমের মানুষ। তাঁকে নিয়ে আবার রেবুদের বাসায় বসলাম। মিয়া ভাইয়ের সঙ্গে তাঁর পরিচয় করিয়ে দিলাম। ভালো করলাম কিনা জানি না। ভানিয়াকে নিয়ে সাঁইদ, আনিস আর আমি নওয়াবদের বাড়িতে গেলাম। প্রয়োজন ছিলো না। মিছিমিছি টাকা নষ্ট। ভানিয়া ছেলেটাকে এতো ভালো লাগে, বড়ো ভয় হয়, রেবুটা ছেলেটাকে নষ্ট করে ফেলবে। কারণ মেয়েটা এরই মধ্যে প্রতিদিন হাঙ্কা হবার সাধনা করছে। আবার মনির সঙ্গে দেখা হলো। খুব খারাপ লাগলো। কোনো কোনো মানুষকে এতো খারাপ কেনো লাগে বুঝতে পারিনে। আমি কি ছেলেটাকে ঈর্ষা করছি? কেনো ঈর্ষা করবো? কিসের জন্য ঈর্ষা করবো? বারবার নিজেকে জিজ্ঞেস করে দেখেছি, রেবুর কাছে কি কোনো প্রত্যাশা আছে? জবাব পেয়েছি, না। তাহলে কেনো অপছন্দ করি? তরুদের বাসা, সনজীদা খাতুন এবং সালেহা খাতুনদের বাসায় করুণ অভিজ্ঞতার পর আমার অবস্থা এমন হয়েছে যে, ঘরপোড়া গরু সিন্দুর মেঘ দেখলে ভয় পায়।

আমি কি মনে মনে দুর্বল? না'হলে এ-সব আবোলতাবোল বিষয়ে এতো ভাবছি কেনো? নোংড়া কথা চিন্তা করলে মনটাও নোংড়ামিতে ভরে ওঠে। সক্ষেবেলা মেয়েদের হলগুলোর সামনে দিয়ে যেতে আসতে আমার কষ্ট হয়। ছেলেমেয়ের প্রেম আরো উন্নত, আরো সুন্দর এবং পরিশীলিত কোনো বস্তু বলে মনে হয়। আমার চারদিকে লাভ, লোভ এবং রিংসার স্নেত বইছে। আমি নিজে যে কি করে মুক্ত থাকবো বুঝতে পারছিনে। আমাকে বুঝে, আমার ঘার প্রতি সহানুভূতিসম্পন্ন। এবং ছেলেমেয়েদের প্রতি দায়শীলা কোনো মহিলার দেখা কি জীবনে পাবো না? শারীর কি এরকম একজন মহিলা হতে পারবে? মেয়েদের আমি যৌনযন্ত্রের অধিক কিছু মনে করি।

রাতে খেতে পারলাম না। বেশি চা খাওয়ার কুফল হাড়ে হাড়ে অনুভব করলাম। কালকে সারাদিনে দু'কাপ চা-এর বেশি খাবো না। অনেকদিন থেকে মনে মনে চিন্তা করছিলাম সিগারেট ছেড়ে দেবো। দুয়েকবার চেষ্টা করেও পারিনি। অর্থচ সিগারেট ছেড়ে দেয়া প্রয়োজন। আজ স্থির সিদ্ধান্ত নিলাম আর কোনোদিন সিগারেট খাবো না। লেনিনের বইটি শেষ করলাম। এতোটা বিরক্ত হয়েছি যে 'Appendix' টি পড়ার প্রবৃত্তি হলো না।

নিজের উপর আমার কোনো কর্তৃত্ব আসেনি। মনের দিক দিয়ে অনেকাংশে কঁচা এবং স্থূল হয়ে গেছি। তাই অনেক সময় ইতর রসিকতা করতে আমার বাধে না। মনে হচ্ছে নিজের মুখোমুখি দাঁড়াতে আমি ভয় পাই। নিজের দুর্বলতাগুলোর উপর সবসময় একটা আবরণ রেখে ভাসাভাসাভাবে আশাবাদ আমি পোষণ করে থাকি। এ ধরনের মনোভাব সাংঘাতিক ক্ষতিকর। নিজের কাজে, কথায় এবং সৃষ্টিতে এ জাতীয় চিন্তার প্রভাব এতো বেশি যে, অনেক সময় মনে হয় এখনো মানুষের স্তরে ওঠা আমার পক্ষে সম্ভবপর হয়নি। কিন্তু মানুষে রূপান্তরিত হবার তীক্ষ্ণ তাগিদ মর্মের গভীর থেকে অনুভব করছি।

এই সময়ের মধ্যেও কাজের চিন্তায় এবং সঙ্গী-সাথী, বন্ধু-বাঙ্কবদের মধ্যে একটা মমতা বিধান করতে পারলাম না। প্রায়ই আমাকে দীর্ঘ নিঃশ্঵াস ফেলতে হয়। মনের কাঙালপনা সম্পূর্ণরূপে কখন বিসর্জন দিতে পারবো? কখন লোভ, মোহ এবং কাম আদি রিপুগ্নলোকে জয় করতে পারবো? এ-সবের অতীত হতে না পারলে কিছু করতে পারবো না। শরীরে, মনে আমি যে কি কঠোর সংগ্রাম করছি, তবু আমি তো পুরোনো আমিই থেকে যাচ্ছি। নতুন বিশ্বাসে বলীয়ান হয়ে আমাকে নতুনভাবে জন্ম দিতে পারছিনে। আমার যশ চাইনে, নাম চাইনে, টাকা চাইনে, কর্তৃত্ব চাইনে — আমি চাই আমার নিজের মনের মতো মানুষ হতে। মানুষ সম্পর্কে মনে যে ধারণাটি আছে সে-রকম হবার জন্য সর্বশক্তি আমাকে নিয়োগ করতে হবে। তার প্রথম পদক্ষেপ সিগারেট বর্জন, দ্বিতীয়ত রেবুদের বাসায় যাওয়া কমানো, আনিসদের সঙ্গে ব্যবহারে শিখিলতাটি আবার দৃঢ় করে তোলা এবং শ্যামার সঙ্গে সব কথা ধীরে ধীরে খোলাখুলি আলোচনা করা।

১৯ মার্চ, ৭৩

সে যান্ত্রিক পদ্ধতি। খুব সকালে গাত্রোথান। নাস্তান্তে রাজ্জাক স্যারের বাড়িতে গমন। তাঁকে লেনিনের বই থেকে নেয়া নোট দেয়া হলো। আমি রজনী পাম দন্তের 'India today' বইখানা চাইলাম। স্যার দিতে পারলেন না। মেডিক্যাল কলেজ হাসপাতালে ড. জগদীশ হালদারের কক্ষে যাওয়া হলো। তিনি এক্স-রেটা বিনি খরচে করিয়ে দিলেন। রেবুদের বাসায় যাওয়ার ইচ্ছে থাকলেও কি কারণে জানি যাওয়া হলো না। আমি দেখতে পাচ্ছি আন্তে আন্তে ইচ্ছেটা বিশুদ্ধ হয়ে উঠছে। শামীমের ওখানে যেয়ে শুনলাম সে বেরিয়ে গেছে। লাইব্রেরিতে ঢোকার পথে তথাকথিত শুন্দি অভিযানের একটা বিশ্রী প্রচারপত্র চোখে পড়লো। কোনো মেয়ে যতো খারাপ হোক না কেনো, কুৎসা গাইয়ে কিই-বা শুন্দি করা হবে? যারা এই হার্মাদীপনা করছে তাদের চরিত্রও-বা কতোটুকু বিশুদ্ধ। ঘন্টাখানেক লাইব্রেরিতে অবস্থান করে রেজিস্ট্রার অফিসে গেলাম। ওয়াজিহুর রহমানের কাছে গেলাম। তিনি প্রবন্ধ দিতে পারলেন না। নিউ মার্কেটে যেয়ে দেনা শোধ করলাম। শামীমের কাগজ এবং Charcoal কিনলাম। এসে খেয়ে ঘুমিয়ে পড়লাম। রেবুর দেয়া কলমটা ফিরে পেলাম। ঘুম থেকে উঠে ইংল্যান্ডের অর্থনীতির ইতিহাসটা পড়তে শুরু করলাম। খুব তীক্ষ্ণ লেখা। একটু আগে সিদ্ধিকী এবং নওশাদ এসেছিলো। একটু দায়িত্ব নিয়েও কাগজ দিতে স্বীকৃত হলাম। কেনো যে মানুষ আমাকে এসে বিরক্ত করে বুঝতে পারিনে। আলী মনোয়ার এলেন। তাঁকে, নওয়াব এবং সাঈদকে নিয়ে প্রকাশ ভবনে গেলাম। হক সাহেবের কাছ থেকে দু'শো টাকা আগাম নেয়া হলো। তিনজনকে পঞ্চাশ টাকা করে দিয়ে দেয়া হলো। সারওয়ার প্রিন্টিং প্রেসে সাঈদের বইটি ছাপানো যায় কিনা খোঁজ করলাম। তারপর নওয়াবদের বাসা। গণকষ্ট। বদরুল্লাহীন উমর সাহেবের বাসা। উমর সাহেব জাতীয় সমাজতান্ত্রিক দল

সম্বন্ধে যা বললেন অনেকটা সত্যের কাছাকাছি। রিকশায় করে ঘুরে এসে দেখি মূলবাবু আর হৃদা বসে আছেন। আজকেও রেবুদের বাসায় না যেয়ে পারলাম। ধীরে ধীরে ওবাসাটা বাদ দিতে পারলে নিজেকে খুবই ধন্যবাদ দেবো। আজকের দিনটাতে কোনোই চমক নেই। তবু আশ্চর্য একটা প্রশান্তি লাভ করছি। রাতে অর্থনৈতিক ইতিহাসটা পড়বো এবং নোট নেবো।

২০ মার্চ, ৭৩

আজকের দিনটা বড়ে অনিশ্চিতভাবে শুরু হলো। নাস্তা খাওয়া হলো। তারপর পড়তে বসলাম। কিছুক্ষণ পড়াশোনা করার পর রেবুদের ওখানে খাওয়া হলো। রেবু নেই। শামীমের ওখানে ইচ্ছা থাকলেও গেলাম না। আবার পড়তে বসলাম। প্রচণ্ড অস্থিরতা অনুভব করছি। একটা কিছু করা দরকার। আমি যে জেদি, একগুঁয়ে এবং প্রচণ্ড আত্মবিশ্বাসী মানুষ তা কোনো সময়ে ভুলতে পারিনে কেনো। দুপুরে খেয়ে একটু ঘুমোলাম। তারপরে আবার T. S. Ashton-এর সেই ইংল্যান্ডের অর্থনৈতিক ইতিহাসটা খুলে বসলাম। আমি নিজেকে আবার নতুনভাবে আবিষ্কার করতে আরম্ভ করেছি। আমার যা দাম তা একান্ত আমারই। যদি আমি সোনা হয়ে থাকি সোনার দামই পাবো। যদি পেতেল হয়ে থাকি সোনা বলে চালিয়ে কোনো লাভ নেই। হোসনে আরা অদ্রমহিলাটি আবার লোক পাঠিয়েছেন চিঠিসহ। তাঁর জন্য কিছু করতে পারলে স্বত্ত্ব পেতাম। পাঁচটা বাজে, কাপড় বিতরণ করার সভা হলো। মানুষ যে কতো শ্রেণী সচেতন, অনুদার এবং নির্লজ্জ তার অনেকগুলো দৃষ্টান্ত দেখলাম। সভা অন্তে সাইদ এবং আনিসসহ বাংলাবাজার। প্রকাশভবন পঞ্চাশ টাকা দিলো। আওলাদ হোসেন লেনে যেয়ে পাগলার দোকানে গ্লাসী (য.প্রা.) খেলাম। তারপর শামসুর রাহমানের বাড়ি। না গেলেই ভালো করতাম। আশপাশের মানুষেরা যে-রকম শুশ্রেণ সচেতন হয়েছে তা খুবই বিস্ময়কর। একমাত্র আমিই নির্বিকার। কেনো যে আমি নির্বিকার থাকছি বুঝতে পারছিনে। এ বিশ্বাস আমার হয়েছে যে, যা পারবে জীবন আমাকে দেবে। হৈচে করে লাভ নেই। শরীফ স্যারের বাড়িতে গেলাম।

22 200 504, 7396

બનું હોય કરો । ત્યારે માત્રમાં
દો વિન હો ના એવી રીત નથી । જીવન
એ ફરી હોય એવી નીચે વિનાની,
એ એ હોય એવી રીત । જોંગ વાદી ।
એ એ હોય એવી રીત હો બોલા
એવી રીત । એવી વાદી એવી હો
એવી રીત । જીવન એવી રીત । એવી
એ એ હોય એવી રીત । એવી એવી
એવી રીત । એવી એવી એવી
એવી રીત । એવી એવી એવી
એવી રીત । એવી એવી એવી

আহমদ ছফার ডায়েরি

২১ মার্চ, ১৯৭৩

এই জীবন আর দু'বার পাবো না। একেকটা দিন কতো দ্রুত আসে, আর কতো দ্রুত চলে যায়। সূর্য ডুবলে মনে হয় কিছুই করিনি, কিছুই করতে পারিনি। বৃথাই চলে গেলো গোটা একটা দিন। আমার সমস্ত শক্তি দিয়ে আমি লড়াই করতে চাই। লড়াই করে করে ক্লান্ত হয়ে হয়ে একেবারে ফুরিয়ে যেতে চাই। চারধারে যে বাঁধন অনুভব করছি। একেবারে ছিঁড়ে ফেলতে চাই। পারছিনে। নিজেকে আমি যথেষ্ট রকম সুশৃঙ্খল করতে পারিনি এখনো। নিজস্ব মতামত অনুসারে চলতে শিখিনি। অকাজে সময় ব্যয় এখনো করছি, এখনো জীবন বহির্ভূত বিষয় আমাকে তাড়িয়ে নিয়ে বেড়াচ্ছে। প্রথম সূর্যালোকের মতো আমার জীবনীশক্তি আমার ইচ্ছের অধীন কখন হবে?

দিনের কথায় আসি। খুব সকালে ঘুম থেকে উঠে ছাদে এবং মাঠে পায়চারী করেছি। মৃগালকে নিয়ে চৌধুরী সাহেবের বাড়িতে গিয়েছি। এসব করা উচিত হচ্ছে না, বুঝতে পারছি। যাওয়ার পথে শ্যামাকে কার্টিজ এবং চারকোল পৌছে দিয়েছি। চৌধুরী সাহেবের বাড়ি থেকে এসে রেবুর বাড়িতে গিয়েছি। দেখলাম সসী বসে আছে। রেবুটা সালেহা খাতুন হতে চলেছে। অবশ্য এটা আমার অনুমান। সেখান থেকে এসে পড়তে বসলাম। বারোটা বাজে বাংলা একাডেমীতে গেলাম। এসে খেয়ে ঘুমোলাম। শ্যামা এবং তার বন্ধু এলো। তাদের নাস্তা করলাম। শ্যামা আবার টাকা চাইলো। দুপুরে স্টেডিয়াম ঘুরে আসলাম। অনুত্তাপের অন্ত নেই।

২২ মার্চ, ৭৩

এখনো গভীর অর্থে বাঁচতে পারছিনে। কাজ করার সময় মানসিক স্বাধীনতা এখনো পাচ্ছিনে। ইংরেজিতে যাকে বলে intense living. তা যে কখন পারবো জানিনে। আজকে কিছু কাজ করেছি। সে জন্য অনুত্তাপটা অতো প্রথর মনে হচ্ছে না। সে যাক, সকালে নটায় ঘুম ভাঙলো। দ্রুততার সাথে স্নান করে বেরোলাম। আগের রাতে দু'বার আত্মহনন করেছি। ক্লান্তি অনুভব করছিলাম। নিজের কাছেই নিজেকে ছোটো মনে হচ্ছিলো। লাইব্রেরিতে গেলাম। 'Sexual Life of Woman' বইটা নিয়ে নাড়াচাড়া করলাম। কেনো জানি না, যন্ত্রণাটা অনেকাংশে প্রশংসিত হয়ে এলো। যে মহিলাকে গতকাল দেখেছি, আজও দেখলাম। ইনিই কি সে? 'র' সাহেব উনার সম্বন্ধেই কি বলেছিলেন? কি করতে যাচ্ছি আমি জানিনে। উনিও আমার প্রতি আকর্ষিত হচ্ছেন? ফের টিচার্স কমন্ট্রুমে এসে সাদউদ্দীন সাহেবের সঙ্গে দেখা করলাম। জাফরের সঙ্গে কথাবার্তা হলো। Award letter নিয়ে এলাম। লাইব্রেরিতে আবার 'র'কে দেখলাম। Martin Luther King-এর একটা লেখা পড়লাম। খুবই ভালো লাগলো। কিং একজন মানুষের মতো মানুষ। রাফায়েল যেমন করে ছবি এঁকেছেন, শেঞ্চপীয়র যেমন করে নাটক লিখেছেন, তেমনি কল্পনার তীক্ষ্ণতা এবং আবেগের ঘনত্ব দিয়ে আমি যদি ঘরও

বাঁট দেই, আমার কথা মানুষের স্মরণ থাকবে। আমি মনের দিকে দিয়ে কিৎসের মতোই মানুষ। এতোকাল হাপিতোশ করছিলাম, কোনো বড়ো আদর্শের সঙ্গে নিজেকে যুক্ত করতে পারছিলাম না বলেই। খেয়ে আজিমপুর হোসনে আরার কাছে গেলাম সাঁসদসহ। ফিরে এসে ঘুমোলাম। একটা সুখদায়ক স্বপ্ন দেখেছি। মনে পড়ছে না। তারপর নিউমার্কেটে যেয়ে কলম এবং তালা-চাবি কিনলাম। হ্যায়ন্দের বাড়িতে যেয়ে শামীমদের জন্য দু'শো টাকা ধার করলাম। তারপরে মেডিক্যাল কলেজ হাসপাতালে ড. জগদীশের কক্ষে গেলাম। ফিরে এলাম। 'র'র কথা চিন্তা করছি।

২৩ মার্চ, ১৯৭৩

আজ দিনটিও মন্দ কাটলো না। খুব সকালে ঘুম থেকে উঠেছি। স্নান, তারপর নাস্তা। রাজ্ঞাক স্যারের বাসা। স্যার বই দিলেন না। কিন্তু 'তুমি' বলে সম্মোধন করলেন। গীতশ্রীকে নিয়ে আর্ট কলেজ। শ্যামাকে দু'শো টাকা দিলাম। আমি লাইব্রেরিতে গেলাম। গীতশ্রী এলো তাকে নিয়ে প্রথমে বাংলা একাডেমী এবং পরে অরুণের অফিসে গেলাম। এসে খেলাম। খেয়ে ঘুমোতে চেষ্টা করলাম। ভুলে গেছি হ্যায়ন্দের বাবা এবং সিরাজের চিঠি পেয়েছি। ঘুমোতে পারলাম না। আর্নেল্ড টয়েনবির বইখানা পড়তে শুরু করলাম। ভারী চমৎকার বই। সঙ্কেয়বেলা বেরিয়ে যাচ্ছিলাম। তাহেরাকে নিয়ে শ্যামা এলো। তাকে কিছু লোকের নাম দিলাম। শ্যামা সেন্ট্রাল রোডে যেতে চাইলো। আমি যেতে দিলাম না। তাকে আনিসসহ কলেজে দিয়ে এলাম। রেবুর বাড়িতে যেয়ে কলম এবং চিঠি দিয়ে এসেছি। একটা পর্ব চুকে-বুকে গেছে। জগদীশের কাছে যেয়ে এক্সের প্লেট নিয়েছি। আমার নাকি টিবি হয়েছে। সিগারেট এবং চা একবারেই ছেড়ে দিতে হবে। শরীফ স্যারকে বললাম। কি আশ্চর্য, আমি যক্ষ্মা রোগী। মা এবং ভাইয়ের ছেলেদের জন্যই দুর্চিন্তা। আমার কোনোও অনুত্তাপ নেই। যদি মরে যাই মরে যাবো। আমি যেনো কিছুটা স্টেয়িকদের মতো হয়ে গেছি। দুঃখ লাগছে একটা মেয়েকে সাহায্য করবো বলে কথা দিয়েও কিছু করতে পারিনি। সঙ্কেয় খুবই ক্লান্তি লাগছিলো। আমার বিশ্রাম প্রয়োজন। আলস্য প্রয়োজন এবং প্রয়োজন মৌনতা। যতোক্ষণ বেঁচে আছি ভালোই আছি।

২৪ মার্চ, ১৯৭৩

টিবি-র রোগীর অনুভূতি নিয়েই আমার ঘুম ভাঙলো। স্নান। নাস্তা। তারপর রিকশা করে রাজ্ঞাক স্যারের বাসায় গেলাম। যাওয়ার সময় একটা ব্যাপার হয়ে গেলো। নিপার সামনে রিকশাটালা দাঁড়িয়ে রইলো। জিঞ্জাস করলে বললো, খালি কলস নিয়ে যেতে দেখেছে, আগে ওটা ভরতি করে আসুক, তারপর যাবো। সত্যি সত্যি সে তাই-ই করলো। নূর মুহম্মদ স্যারকে দিয়ে সই করালাম। রাজ্ঞাক স্যার সই করলেন। শরীফ

স্যার সই করলেন। বলতে ভুলে গেছি সিরাজ এবং শামসুকে দু'খানা চিঠি লিখেছি। নরেন্দা এলেন। জাহাঙ্গীর সাহেব তাঁকে আমার নামে টেলিগ্রাম করেছেন। ডিপার্টমেন্টে যেয়ে ফরমগুলোতে সীলমোহর দেয়ালাম। নরেন্দাকে নিয়ে বাংলা একাডেমী। একটা প্রতিক্রিয়ার দুর্গ তৈরি হচ্ছে সেখানে। নিউ মার্কেটে ঔষধ পেলাম না। এসে খেলাম। ঘুমোবার অবকাশ হলো না। গীতশ্রী এলো। তাকে নিয়ে আনিসের রুমে যেতে হলো। একটা লেখা মুখে মুখে বলে গেলাম। নওয়াব এলো। সে আমার সঙ্গে অত্যন্ত রুঢ় ব্যবহার করলো। অরুণ এলো। তাকে নিয়ে রেবুর ওখানে গেলাম। তিনি ওপরে গিয়ে খবর দিলেন জগদীশ নেই। আমি জগদীশের হোস্টেলে গেলাম। বলতে ভুলে গেছি। শামীমের ভাইকেও আমি দেখতে গেছি। ওরা আমার সঙ্গে যেমন ব্যবহার করেছে তাতে করে আমার রাগ করা উচিত। কিন্তু রাগ করার মতো অবস্থা আমার নেই। ঔষধ পাওয়া যাচ্ছে না। আমাদের হলের নেপালী ভদ্রলোক Streptomycin দিতে স্বীকৃত হলেন। শরীর ভালো নয়। ঘুমুতে যাচ্ছি।

২৫ মার্চ, ১৯৭৩

কি আশ্র্য। আমি একটুও ভয় পাচ্ছিনে। আমার টিবি হয়েছে এটা যেনো একটা খুবই মজার খেলা। আমার সমস্ত চেনা-জানা মানুষদের ওপর চাপ দিয়ে কিছু যেনো সুবিধে আদায় করছি। ক্রমশ এটা বুঝতে পারছি, মানুষ রোগের মধ্যদিয়ে নিজের কাছেই ফিরে আসে। আমি মনে মনে খুশিই হয়েছি। কারণ আমার নিজের সমস্ত গোপন পরিকল্পনাগুলো কাজের রূপ দেয়ার মতো এমন অর্থও সুযোগ হয়তো জীবনে কোনোদিনই পাবো না। এই সময়ের মধ্যেই আমাকে সম্পূর্ণ নতুন মানুষ হয়ে উঠতে হবে। অনেকগুলো পুরোনো অভ্যেস ভুলে যেতে হবে। সেগুলো— ১. ধূমপান; ২. চা; ৩. মিথ্যেকথা; ৪. উঁঠতা। এই চারটি জিনিষ আমি সম্পূর্ণভাবে বর্জন করবো। নিজের প্রতিটি খুঁটিনাটি এবং প্রতিটি প্রবণতার দিকে তীক্ষ্ণ দৃষ্টি রাখবো। এই তিনিমাস আমাকে সম্পূর্ণভাবে গড়ার সময়। শরীরের ওপর চিকিৎসা চলবে এবং আমি মনকে একাগ্র করে তুলতে শিখবো।

আজ সকালে রোগী হিসেবেই শয্যা ত্যাগ করলাম। গতরাতে ভালো ঘুম হয়নি। কারো সঙ্গে ঘুমোতে আমি পারিনে। নরেন্দাকে নিয়ে নাস্তা করলাম। তারপর মাঠে পায়চারি করলাম। ‘সোনার চেয়ে দামী’ বইটা পড়তে চেষ্টা করেছি। নরেন্দার বকু জাহাঙ্গীর সাহেব এলেন। ভদ্রলোককে কেনো জানি পছন্দ হয় না। বড়ে বেশি আদর্শবাদী, সেন্টিমেন্টাল এবং কাপুরুষ। নরেন্দাটা স্তুল। সৃষ্টিভাবে কোনো কিছু বুঝতে পারেন না, চেষ্টাও করেন না। সে যাক, আমি নিউ মার্কেটে যেয়ে ট্যাবলেট এবং ঔষধগুলো নিয়ে এলাম। ট্যাবলেট খাওয়া আরম্ভ করেছি। ভাত খেয়েছি। তারপর কিছুক্ষণ পড়তে চেষ্টা করে ঘুমিয়ে পড়েছি। প্রায় এক ঘন্টার মতো ঘুমিয়েছি। ঘুম থেকে উঠে চা

খেয়েছি। গীতশ্রী এলো। মেয়েটিকে খ্যাতনামী হওয়ার ভূতে ধরেছে। এটা খারাপ। যদিও খুব বশীভূত আমার। লাই দেইনি। সিগারেট খাওয়া আজ অনেক কমিয়েছি। চার পাঁচটা হবে। অবশ্য ক্যাপস্টেন। আমার মধ্যেও যে মৃত্যু বাসা বেঁধেছে তারও তো একটা শক্তি আছে। সিগারেট, চা এগুলো মৃত্যুর শক্তিরই সহায়তা করে। আমি এমন এক পর্যায়ে এসে দাঁড়িয়েছি জীবন এবং মৃত্যু দু'টো থেকে একটাকে আমাকে বেছে নিতে হচ্ছে। এই বেছে নিতে গিয়ে নিজেকে নতুনভাবে আবিষ্কার করতে হচ্ছে। সে যাক, সক্যোবেলা জগদীশ এলেন। নওয়াব ও শরীফ স্যার হোস্টেলের সামনে কিছুক্ষণ বসলেন। তিনি একটা খবর দিলেন। কেতাবউদ্দিনের কাছে গেলে মেডিক্যাল রিপোর্টটা পেয়ে যাবো বললেন। ধন্যবাদ।

২৬ মার্চ, ১৯৭৩

রাতে লিখবো মনে করেছিলাম। হয়নি। সারাদিনের লোকজনের আসা-যাওয়ার একটা মিষ্টি আমেজ স্নায় মোহিত করে রেখেছিলো। তাই রাতের বেলাতেও দিনলিপি লিখতে পারিনি। ২৭ তারিখ বিশ্বিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রে এসে দেখি ডাক্তার এখনো আসেননি। সুতরাং কি করি, গতদিনের ঘটনাগুলো নেট করতে বসেছি। সকালে উঠে মাঠে বেরিয়েছি। সূর্যটা ভারী সুন্দর। এই ধরনের সূর্যকে দেবতাজ্ঞানে আর্যঝষিরা পূজো করতেন। আক্ষরিক অর্থে না হলেও আমার মনোভাব যা হলো পূজোর চাইতে কম নয়। শামীম, নাঈমা, এবং ফরিদা এলো। শামীমটাকে অনেক কমনীয় দেখালো। জগদীশ, ইজাহার এবং নরেন্দা এলেন। ওঁরা গল্প করে চলে গেলেন। দুপুরবেলা নরেন্দাকে নিয়ে আমাদের ডাইনিং হলে খেলাম। জগদীশও ছিলেন অতিথি। গীতশ্রী এলো। তার কাজটা করে দিতে পারলাম না। সে গান গাইলো। জগদীশটার বোধ হয় একটু ছাঁকা লাগলো। গীতশ্রী চলে গেলো। চন্দনাইশের ফজল এলেন। তারপরে রেবু, সেতু, নওয়াব, হুদা এলো। রেবুর ব্যাপারটি আমার নিজের কাছেও খুব পরিষ্কার নয়। সে এসেছিলো, অকেশ্বণ বসেছিলো। লেখক শিবিরের ব্যাপার নিয়ে নানান আলোচনা হলো। নওয়াবটা মানসিক শুণগুলো বোধ হয় হারিয়ে ফেলছে। ক্রমশ সে কৃত্রিম হয়ে উঠছে। এটা খারাপ। এখন আনিসটা আমার অভিভাবক হয়ে দাঁড়িয়েছে। সে মনে করে, আমাকে কড়া শাসন করলে সব ঠিক হয়ে যাবে। হাসি পায়। শরীফ স্যারের বাড়িতে যেয়ে ডঃ কেতাবুদ্দীনের কাছে একখানা চিঠি দিয়ে এলাম। রাত দশটার দিকে সাঁইদকে নিয়ে শরীফ স্যারের বাড়িতে যেয়ে বেটোফেনের রেকর্ড শুনলাম। মানুষের কঢ়ের এতো তেজ, এতো লাবণ্য, এতো শক্তি? রাতে এসে ঘুমোলাম।

୨୭ ମାର୍ଚ୍ଚ ୧୯୭୩

আজ সকালে উঠে স্নান শেষ করে মাঠে গিয়েছি। প্রতিজ্ঞা ভঙ্গ করে প্রচুর সিগারেট
খেয়েছি। প্রচণ্ড একটা উন্নেজনা অনুভব করেছি। নাস্তা করে 'প্রেমের চেয়ে বড়' বইটা
বেশ কিছুদূর পড়লাম। প্রায় শেষ করে এনেছি। মটার দিকে স্বাস্থ্যকেন্দ্রে যেয়ে
সার্টিফিকেটখানা নিলাম। হেঁটে রেজিস্ট্রার অফিসে এলাম। ফরম জমা দেয়া হলো না।
কক্ষে এসে কি যেনো পড়তে চেষ্টা করলাম। মাসুদ এলো। খেয়ে এলাম। মুস্তফা
আমার নামে খেলো। টাকাটা এবং মানিব্যাগটা হারালাম। খুবই দুঃখের। নানা মানুষের
ওপর সন্দেহ হচ্ছে। বইটি শেষ করলাম। চারটা বাজে টিফিন করলাম। পাঁচটায় রেবু,
খোয়া, সেতু এবং কাকীমা এলো। তারা আমার জন্য এক টিন দুধ যোগাড় করে নিয়ে
এসেছে। শ্যামা আসেনি। রেবুর খোঁজে এলো মসী। নেপালী ভদ্রলোক আজ ঔষধ
দিতে পারলেন না। অরুণকে সঙ্গে নিয়ে তার বাসায় গেলাম। একজন সখের
হোমিওপ্যাথ আমার চিকিৎসা করবেন, ফিরে এলাম।

২৮ মার্চ, ১৯৭৩

অন্যান্য দিনের চাইতে একটু দেরিতে ঘুম ভাঙলো। মাঠে বেড়ালাম। শরীফ স্যারের সঙ্গে দেখা হলো। এসে গোসল করে নাস্তা করলাম। রাজাক স্যারের বাড়িতে যাওয়া হলো। এসে নরেন্দা এবং জগদীশের সঙ্গে দেখা হলো। জগদীশ আমার জন্য উষ্ণধ এনেছেন। জগদীশ এবং মোন্টফাকে নিয়ে বেরোলাম। টিচার্স কমনরুমে খানিকক্ষণ বসলাম। তারপর রাজাক স্যার এলে তাঁকে দিয়ে দরখাস্ত রেকমেন্ড করিয়ে রেজিস্ট্রার অফিসে দিয়ে এলাম। বাড়ি এসে ধোয়া-মোছা করলাম। জামাল এবং সিরাজের কাছে চিঠি লিখলাম। জামাল আর মীর আহমদের কাছ থেকে চিঠি পেলাম। ইকবাল এবং নরেন্দাকে নিয়ে খেলাম। মানবেন্দ্র রায়ের 'নব মানবতাবাদ' বইটা পড়লাম। ঘন্টাদেড়েক ঘুমোলাম। বলতে ভুলে গেছি, নওয়াব এসেছিলো। ঘুম থেকে উঠে চা খেলাম। মিয়াভাই ভানিয়াকে নিয়ে এলেন। কিছুক্ষণ পর নওয়াব এলো। তারপরে জগদীশ। আমি আর মিয়াভাই ভানিয়াকে নিয়ে রেবুদের বাড়িতে গেলাম। সেখানে দেখি মসী আর তথাকথিত প্রিস। নওয়াব আর সাঈদের আসার দেরি হচ্ছে দেখে মেডিক্যাল কলেজের আউট ডোরে যেয়ে প্রথমবারের মতো টিবি ইনজেকশান নিয়ে এলাম। বিশ্বিত হয়েছিলাম। শরীফ স্যারের ছেলে রিজভী এসেছিলো। তাকে ফেরত পাঠাতে হয়েছে। ইনজেকশান নিয়ে ফিরে এসে দেখি হমায়ুন, কাকীমা এবং ইকবাল আমাকে দেখতে এসেছেন। নওয়াব, হমায়ুন, আনিসদের ছেড়ে আমি, মিয়াভাই এবং সাঈদ প্রেসে গেলাম। প্রসঙ্গের বিজ্ঞাপনটা ছাপতে দিয়ে এলাম। কাল প্রফ দেবে। সাবদার সিদ্দিকীকে বেঁফাস ঘোষণার জন্য মুজিববাদীরা মেরেছে। আশ্চর্য মানুষ তা সমর্থন করছে! আর শুনলাম, মেডিক্যাল হাসপাতালে একজন পিস্তল দেখিয়েছিলো। জনতা তাকে পিটিয়ে মেরে ফেলেছে। হাসপাতালে দেখলাম, বিশ্ববিদ্যালয়ে ঘুরে বেড়ায় পাগল ছেলেটা মাথাটা ফাটিয়ে ফাস্ট-এইড চাইতে গেছে। প্রেস থেকে ঘরে এসে দেখি চাবিটা আনিনি। আবার প্রেসে যেয়ে চাবি সংগ্রহ করে আনতে হলো। এসে খেলাম।

25 Mar 1963 296

مکالمہ

২৯ মার্চ, ১৯৭৩

আগের রাতে ভালো ঘুম হয়নি। তাই আজ সকালবেলা বেড়ানোটা বন্ধ থাকলো। নরেন্দ্রা আমাকে বিছানায় রেখেই চলে গেছে। কাকস্নান করে নাস্তা করলাম। শামীমের বাবা এলেন। অন্দরে কক্ষে খুবই বিশ্বত মনে হলো। আশা করেছিলাম, শামীম আসবে, এলো না। মানবেন্দ্রনাথের বইটি শেষ করে শরীফ মিয়ার ক্যান্টিনের দিকে গেলাম। কিছুক্ষণ লাইব্রেরিতে থাকলাম। ভালো লাগলো না। পড়াশোনায় মন বসলো না। এসে খেলাম। সিগারেট খাওয়া এখনো সমানে চলছে। সিরাজের কাছে চিঠি লিখলাম। একটু ঘুমোলাম। ঘুম থেকে জেগে 'The Nabobs' বইটা কিছুদূর পড়লাম। রেবু বা ওবাসার কেউ আসবে বলে ধরে নিয়েছিলাম। কেউ এলো না। আমি এমন হতভাগ্য যে প্রয়োজনের সময় কাউকে পাইনে। জগদীশ এলেন। তিনি একটা কাজের কথা বললেন, করতে পারবো কিনা জানিনে। মুস্তফার সঙ্গে নীলক্ষ্মেত রেল গেটে যেয়ে ইনজেকশান নিয়ে এলাম। আমার একজন প্রিয়তমা মহিলা চাই। সে কি শামীম? না...

অনেকক্ষণ মাঠে মুস্তফাকে নিয়ে ঘুরলাম। হৃমায়নের মামা এবং নানাজীর সঙ্গে দেখা হলো। তাঁরা আমাকে দেখতে এসেছিলেন। মুস্তফাকে খাওয়ালাম। আগামীকাল টি.সি.বি. অফিসে যাওয়ার জন্য একটা সভা করলাম। আনিস শামীম সম্বন্ধে একটা বিশ্রী ইঙ্গিত করলো। কতোকাল ধরে এ রকম বিশ্রী কথা শুনতে হবে কে জানে। আজকে শরীর অপেক্ষাকৃত সুস্থ।

৩০ মার্চ, ১৯৭৩

সকালে ঘুম থেকে উঠতে বিলম্ব হলো। তাই বেড়াতে যাওয়াটা হলো না। স্নান এবং নাস্তা করলাম। 'The Nabobs' বইটা কিছুদূর পড়তে চেষ্টা করলাম। জগদীশ হালদার বেড়াতে এলেন। তাঁর জন্য বোধহয় কিছু করতে পারবো না। টি.সি.বি.-র চেয়ারম্যানের সঙ্গে যোগাযোগ করতে চেষ্টা করলাম। ফরিদা এবং নাস্তিমা এলো।

দুপুরে খেয়ে টি.সি.বি.-তে কাপড়ের চেষ্টা করতে গেলাম। কাপড় দিলো না। অত্যন্ত ক্লান্ত এবং বিরক্ত হয়ে চলে আসতে হলো। কাপড় না পাওয়াটা বড়ো নয়, অপমানটাই মুখ্য।

রেবু এবং নওয়াব এলো। রেবুর মুখটা খুবই শুকনো। নওয়াবকে একটু বকাবকি করলাম। কিছুক্ষণ পর মুস্তফা, আমি, আনিস এবং সাইদুর রহমানসহ শাহীন প্রেসে গিয়েছিলাম। বিজ্ঞাপনের ফরমটা আজো ছাপা হয়নি। আগামীকাল হতে পারে।

রাতে এসে খেলাম। এ হোস্টেলের অনেকের সঙ্গে থাতির হলো। কিছুই পড়তে পারিনি। ভারী অনুত্তাপ হচ্ছে। বেড়ালদের মা ছেলে সবাইকে দুধ খাওয়ালাম।

৩১ মার্চ, ১৯৭৩

মতিনউদ্দীন সাহেব ঘুম ভাঙলেন। কিছুক্ষণ মাঠে পায়চারি। স্নান, শৈত এবং নাস্তা। বাংলা একাডেমীর বৃত্তিটা ছেড়ে দেয়ার চিঠিটা লিখলাম। এরই মধ্যে এলেন জগদীশ। তারপর ফরিদা এবং বেবী। গণকঞ্চ থেকে এলেন আসাফউদ্দৌলা। মেয়েদের কার্ডগুলো বিলোবার ব্যবস্থা করে দিয়েছি। বাংলা একাডেমীতে যেয়ে বৃত্তির চেক নিয়েছি। পদত্যাগপত্র দাখিল করেছি এবং সেলিনাকে চেক জমা দিতে এবং প্যান্টের কাপড় দিতে বলেছি। সেক্রেটারিয়েটে যেতে চেষ্টা করেছি, পারিনি। ফিরে এলাম। রেজিস্ট্রার অফিসে গেলাম। বারমাসের বৃত্তি পাওয়া যাবে না। যাক, ট্যাবলেট আনতে গেলাম। এসে খেয়ে ঘুমোলাম। একটু পরে জগদীশ এলেন। জগদীশসহ মফিজ চৌধুরীর বাড়ি। তাঁর কাজটা বোধহয় হয়ে যেতে পারে। ড. চৌধুরীর বাড়ি যাওয়া ঠিক করলাম। ফিরে এসে দেখি অরুণ, ভানিয়া, রেবু এবং কাকীমা। পরে ইনজেকশন নিলাম। খুবই ব্যথা পেলাম। রেবুটা দিনে দিনে পাথর হয়ে যাচ্ছে। ওর দিকে তাকালে দুঃখে আমার বুকটা ভেঙে যেতে চায়। তার ছেলেমেয়েগুলোকে কি যে ভালো লাগে! আমি এবং অরুণ শাহীন প্রেসে যেয়ে ‘প্রসঙ্গের’ বিজ্ঞাপনগুলো নিয়ে এসেছি। একটা দিন একটা মাস করে আমার জীবন ফুরোচ্ছে।

১ এপ্রিল, ৭৩

আজও মতিনউদ্দীন সাহেব ঘুম ভাঙলেন। অনেকক্ষণ ভ্রমণ, স্নান, নাস্তা। তারপরে পড়তে চেষ্টা করলাম। পারলাম না। রেবুদের বাড়িতে গেলাম। পথে ইনজেকশন দেয় মানুষটির দেখা হলো। ট্যাবলেট দিলেন। রেবুদের বাসায় বসে থাকতে হলো। রেবুকে এবং তার ছেলেমেয়ে তিনটিকে কি যে ভালো লাগলো! নওয়াব, মনোয়ারুদ্দীন, মুস্তফা, আনিস এবং সাইদ এলো। প্রায় এগারোটা থেকে বারেটার মধ্যে বেশ কিছুক্ষণ কথা বললাম। এখনো লেখক শিবিরের কোনো working philosophy দাঁড় করাতে পারলাম না। একটা না একটা দ্বিতীয়বাদ থেকে যাচ্ছে। আলোচনা ঘনত্ব করতে পারছে না। সে যা হোক, গণকঞ্চ বক্ত করে দেয়ার ব্যাপারে প্রতিবাদ করে ইংরেজি, বাংলা দু'খানি প্রতিবাদলিপি ডিকটেশন দিলাম। দুপুরে খেয়ে ঘুমোলাম। অনেকক্ষণ ঘুমিয়েছি। আনিস ডেকে তুলেছে। চা খেলাম। ওরা শ্যামাদের চিত্র প্রদর্শনী দেখতে গেলো। আমিও গেলাম। শ্যামা মেয়েটির যে চিত্রকলায় প্রাথমিক জ্ঞানটুকু নেই সে ব্যাপারে নিজেই জানে না— এটাই আশ্চর্যের। ফরিদার কাজ ভালো হয়েছে। নাইমা চলনসই। অধ্যাপক স্বপন আদনানের সঙ্গে দেখা হলো। তাঁকে নিয়ে এসে অনেকক্ষণ হলের লনে বসলাম। নানা বিষয়ে আলাপ-আলোচনা হলো। একটা চিন্তা-ভাবনা করার মতো পাটাতনের অস্তিত্ব বোধ হয় ভেতর দিক থেকে ভেসে উঠছে। স্থির হয়েছে আগামী রোববারে সাইদের কক্ষে আমাদের আলোচনা সভা বসবে। আজকের বিকেলটা খুবই নিরানন্দ কেটেছে। কার্ল মার্কস পড়া প্রায় শেষ।

২ এপ্রিল, ১৯৭৩

আজকেও মতিনউদ্দিন সাহেব ঘুম ভাঙলেন। অনন্তক্ষণ মাঠে পায়চারি। শেভ, স্নান এবং নাস্তা। তারপরে ঘুম। উঠে ব্যাংক থেকে তিনশো আশি টাকা উঠালাম। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসে একবার গেলাম। আজ নিয়েগপত্র পাঠানো হবে। প্যান্টের কাপড়, ক্ষুর, ভানিয়ার রঙের বাঞ্চি এবং 'বাঙ্গলার কাব্য' ও 'মার্কসবাদ' বই দু'টো কিনলাম। কাপড় সেলাই করতে দিয়ে এসে খেলাম।

দুপুরে নওয়াব এলো। তাকে এবং সাঈদকে বাংলাবাজারে প্রকাশ ভবনে বুঝিয়ে-সুঝিয়ে পাঠানো হলো। হক সাহেবের কাছে কার্ল মার্কসের জীবনীখানাও পাঠানো হলো। কি জানি কি হয়। মুশাররফকে জুতোর হাফশোল, জামা মেরামত এবং ক্ষুর শানাবার জন্য দশ টাকা দিলাম। রেবুর জন্য অনেকক্ষণ ধরে অপেক্ষা করলাম। ভানিয়াও এলো না।

বিকেলে যে কি খারাপ লাগছিলো। আজ লেখক শিবিরের প্রতিবাদটা দৈনিক বাংলা, সংবাদ, জনপদ এবং People পত্রিকায় প্রকাশিত হয়েছে। শরীফ স্যার ইন্ডিস আলী সাহেবকে দেখে ফেরত যাওয়ার পথে একটু এলেন। ইনজেকশন দেয়ার লোকটি এলো। তাঁকে ত্রিশ টাকা দিলাম। রেবুদের বাড়িতে যেয়ে রঙের বাঞ্চিটা দিয়ে এলাম। খেয়ে ঘুম পাচ্ছে।

৩ এপ্রিল, ১৯৭৩

সকালে ঘুম ভাঙলো একটু দেরিতে। সামান্য হেঁটে এলাম। স্নান, দাঢ়ি কামানো, টিফিন। ইনজেকশন নিলাম। শয়ে থাকলাম। ঘুম এলো না। হ্যায়নের মামা এলেন। সোহরাব হোসেনের ওখানে যাওয়া থেকে বেঁচে গেলাম। বদলে যেতে হবে গফুর সাহেবের বাসায়। শরীফ মিয়ার ক্যান্টিনে হ্যায়নের সঙ্গে দেখা। বাংলা একাডেমীর সেলিনার কাছ থেকে deposit। বইটা ফেরত আনলাম। অনীক কিনলাম। এসে খেলাম এবং ঘুমুতে চেষ্টা করলাম। ঘুম বিশেষ হলো না। পড়তে চেষ্টা করলাম। আনিস, সাঈদ এবং কামাল হোসেন সাহেব এলেন। আবার দরজির কাছে গেলাম। কাপড় হয়নি। দুপুরে যাওয়াটা ঠিক হয়নি। আবার গেলাম। প্যান্ট নিয়ে এলাম। জুতোটা পাওয়া গেলো। অনেকক্ষণ পড়তে চেষ্টা করেও ঘন বসাতে পারলাম না। তরুকে নিয়ে যে গল্লটা লেখার পরিকল্পনা করেছি তার আঙ্গিকটা মনে মনে স্থির করেছি। দুয়েক দিনের মধ্যেই আরম্ভ করতে পারবো বলে মনে হচ্ছে। সক্ষ্যবেলা জগদীশ এলেন এবং হ্যায়নের মামা। মামাকে নিয়ে বনানী। প্রথমে গফুর সাহেবের সঙ্গে দেখা হয়নি। মামার ভাবীশ্বরের বাড়িতে গেলাম। লোকটিকে আমার একটুকুও পছন্দ হয়নি। যাহোক, গফুর সাহেবকে পাওয়া গেলো। তিনি কথা দিলেন। দেখা যাক কি হয়। অধিক রাতে ফিরে এলাম।

৪ এপ্রিল, ৭৩

আজ প্রায় নটার সময় ঘুম ভাঙলো। কোনো রকমে নাস্তাটা করলাম। এক রকম অবসাদে শরীরটা জড়িয়ে যাচ্ছিলো। সোজা ঘুমিয়ে পড়লাম। প্রায় দশটায় জেগে দেখি গীতশ্রী বসে আছে। মেয়েটির দুঃখের কথা শনলাম। এরপরে মেয়েটি কেমন করে মুখ দেখাবে, ভারী কষ্ট লাগলো।

আজ সব বক্ষ জানতাম না। রেবুদের বাড়িতে গেলাম। নওয়াবের দেখা হলো। ভানিয়াকে নিয়ে ছবি আঁকার চেষ্টা করা হলো। অবশ্য আনাড়ির চেষ্টা। রেবুর ওখানে খেলাম। খুব ভালো খেলাম। খেয়ে এমন সন্তুষ্ট কোনোদিন হইনি। নওয়াবকে আমার ঘরে পাঠালাম।

এসে ঘুমেলাম। নওয়াবকে বাংলাবাজার পাঠালাম। পাঁচটার সময় ঘুম থেকে উঠলাম। নিউ মার্কেট থেকে শিক এবং টিকিয়া কাবাব খেয়ে এলাম। ফজলু ভাই আর তার মেয়ে এলো। অনেকক্ষণ গল্পাচ্ছা করলাম। আমার অসুখ যেনো সেবে যাচ্ছে। লিখতে ভুলে গেছি। আজ বাড়ির চিঠি পেয়েছি। সকলে আমাকে বিয়ে করতে বলছে। কিন্তু আমাকে বিয়ে করবে কে? আমার কি আছে?

৫ এপ্রিল, ১৯৭৩

মতিন সাহেবের ডাকে ঘুম ভাঙলো। আজ সকাল বেলার বেড়ানোটা হলো। স্নান, শেভ নাস্তা। ঘুমোবার চেষ্টা। শ্যামার কাছে যাবার কাঁচা ইচ্ছে হলো। গেলাম না। তার মামাসহ হ্যায়ুন এলো। জগদীশ ঔষধ নিয়ে এলো। গোটাদিন পায়খানা হয়নি। লাইব্রেরিতে যেয়ে দু'টো বই আনলাম। সমরেশ বসুর 'জগদ্দল' এবং টলস্টয়ের 'What then we must do?' ভুলে গেছি। সকালে রেবুদের বাড়িতে চিঠি দিয়ে এসেছি। মাসুক এবং বাংলাদেশ বেতারের শামসুল ইসলাম এসেছিলো। ক্রমশ যে ঝিমিয়ে পড়েছি বুঝতে পারছি। খেয়ে ঘুমেলাম। পাঁচটায় ঘুম ভাঙলো। নতুন কিছু নেই। যথা পূর্বিং তথা পরং। শ্যামলালজী তাদের আশঙ্কার কথা জানালেন। টি.বি. রোগীর স্পর্শকে সকলের ভয়। সকালে নওয়াব এসেছিলো। তাকে আমার deposit বইটা দিয়েছি প্রকাশ ভবনের cheque জমা দেয়ার জন্য। মশুকে নিয়ে সাইয়ীদ আতিকুল্লাহ্ৰ গল্পগুলো কপি করার কথা। কি জানি কপি করেছে কিনা। হ্যায়নের মামাকেসহ শরীফ সাহেবের বাসায় যেয়ে টেলিফোন করলাম। তার আগে ইনজেকশান নিয়েছি এবং নিউ মার্কেটে যেয়ে শিক কাবাব খেয়েছি। বেড়ালটাকে বের করে দিয়েছি।

আজ সকালে উঠেই রেবুদের বাড়ি যেয়ে চাবি দিয়ে এলাম। এসে গোসল করে কাপড় পরতে না পরতেই রেবু হাজির। তাকে নিয়ে পিজি হাসপাতাল। সোনিয়া মেয়েটির অপারেশন হলো। তখন রেবুকে কেমন যে দেখাচ্ছিলো। কাকীমাকে বাসায় পৌছে দিলাম। রওনক জাহান ম্যাডামের সঙ্গে কাগজ সংক্রান্ত ব্যাপারে কথাবার্তা বললাম। এসে হোসনে আরা এবং সিরাজের চিঠি পেলাম। প্রচণ্ডতম আঘাতে যেনো জেগে উঠলাম। তারা উপোস করছে, আমাদের জমি পরের হাতে। দুধের বাচ্চা। দুপুরে ঘুমুতে পারলাম না। আল্লাহ আমাকে ক্ষমতা দাও যেনো ছেলেদের নিজের পায়ে দাঁড়াবার মতো যোগ্য করে দিতে পারি। আল্লাহ আমাকে ক্ষমতা দাও, সমস্ত দুঃখ, সমস্ত কষ্ট সহ্য করবো। আমাকে পাথর করো এবং ফুলের মতো কোমল করো। আমি যেনো সমস্ত প্রলোভন জয় করতে পারি। শরীফ স্যারের বাসায় সিরাজুল ইসলাম চৌধুরী এবং জনাব মনিরুজ্জামান মিয়ার সঙ্গে দেখা করে বোরহানউদ্দীন খান জাহাঙ্গীরের ওপর হামলার প্রতিবাদে কাগজে বিবৃতি দেয়ার ব্যবস্থা এক রকম করলাম। এসে ইনজেকশান নিলাম। সিরাজ এবং জাফরের কাছে দু'খানা ঠিঠি লিখলাম। আগামীকাল থেকে সিগারেট ছেড়ে দেবো। আজ ৩০শে চৈত্র।

২ আগস্ট, ৭৩

অনেকদিন পর ডায়েরি লিখতে বসেছি। এতোদিন কি করেছি নিজেও বলতে পারবো না। জীবনটা নিজের কাছেই স্পষ্ট নয়। খুব ঘন বনের অন্তরালের ছোটো পাহাড়ী নদীর মতো আমার ঢাকার বর্তমানের জীবন। সেই একঘেঁয়েমী। নানান তৃচ্ছতার মধ্যে আকষ্ট নিয়ন্ত্রণ। সেই রাগ, সেই অভিযান, ঘৃণা, ক্ষোভ, লোভ এবং রিংসা পেরিয়ে কোনো মতে হৃদি জাগানিয়া বোধের সমীপবর্তী বোধ হয় এ জীবনে হতে পারবো না। জীবনের কেন্দ্রবিন্দুতে কোনো আধ্যাত্মিক শক্তির আকর্ষণ আছে কি? বিশ্বাস করতে পারিনে সংশয় ঘোর হয়ে আসে। অবিশ্বাস করা আরো অসম্ভব। এমন অনেক কিছু প্রত্যক্ষ করেছি অদৃশ্য হাতের প্রভাব চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে। সেই শক্তি কি আমাকে নিয়ে খেলা করছে? না আমি নিজেই অঙ্গতা প্রসূত শতমুখী পরম্পর বিরাধী ইচ্ছার জালে জড়িয়ে পড়েছি? কি করে বলবো?

মানুষ কি নিজের অতীত অঙ্গীকার করতে পারে? তাহলে জীবনের প্রগতি কোথায়? এই জীবনকে নিয়ে আমি কি করবো? বারেবারে মনে হয়েছে এই নারীই সব। কিন্তু পরে দেখেছি মরীচিকা। নারীরা নারীই, সঙ্গের সাথী, দুঃখের বন্ধু এবং আদর্শের অনুসারী নয়। ভাগ্যকে ধন্যবাদ। সু-র গণ্ডিটা পার হয়ে চলে আসতে পেরেছি। এক সময় মেয়েটার নির্বাক মহতা কি তীক্ষ্ণভাবেই না আকর্ষণ করতো। এখন কি করে না? যদি বলি 'না' মিথ্যে বলবো, যদি হলি 'হ্যাঁ' সত্য বলবো না। আমি তার আওতা ছাড়িয়ে আসতে পেরেছি, সেজন্য মনে মনে আনন্দ অনুভব করি। যতো সহজে মেয়েটাকে

পেতে পারতাম, অথচ হেলা করে ফেলে এসেছি। অন্য লোকের হতে যাচ্ছে দেখে এখন ঈশ্বরিৎ হচ্ছি। কোনো কারণ নেই। মানুষের জীবন বোধ হয় এ-রকম।

শ্যামার সঙ্গে আমার সম্পর্ক কি আমি জানিনে। সে মেয়ে নয়, মেয়ের ক্যারিকেচার। 'র'-র সঙ্গে আমার পরিচয়টা বেশ কিছুদূর গড়িয়েছে। এ পর্যন্ত তিনি দু'বার আমাকে স্পর্শ করেছেন। কাল তাঁর ভাইটির জন্য প্রচণ্ড স্নেহবোধ করেছি এবং ছেলেটিকে ভারী ভালো মনে হয়েছে। আর কোনো লোকের ভাইকে এতো ভালো মনে হয়নি। দু'তিন দিন আগে 'র'-র রোগা, ক্লান্ত মুখমণ্ডল এবং অনুচ্ছ স্বর তরুণ কথা মনে করিয়ে দিয়েছে। ক্রমাগত অনেকদিন তাঁর কথা চিন্তা করেছি। যতোই দেখি দেখার ইচ্ছা তীব্র হয়। কি করবো আমি জানিনে। তিনি যদি নিজে থেকে না এগিয়ে আসেন, আমার এগুবার উপায় নেই। অন্যান্যদের মতো সহজ হতে পারছিনে। গেলে মনে হয় কিছু একটা জামার তলায় লুকিয়ে রেখেছি। কেউ যদি দেখে ফেলে লজ্জার সীমা থাকবে না। সে বস্তুটি কি ভালোবাসা?

আগুন নিয়ে খেলছি। যদি অন্যথা হয় অপমানের একশেষ। কি করে যে নিজের মনকে প্রবোধ দেই। এমন অস্বাভাবিক ঘটনাও ঘটে মানুষের জীবনে? কিন্তু আমি ঘটিয়েছি।

১৫ সেপ্টেম্বর, ১৯৭৩

আজ প্রায় দেড়মাস পরে আবার লিখছি। লিখতে হচ্ছে। বেশ ক'দিন আগে শারীমের মাধ্যমে সুরাইয়া খানমের সঙ্গে আমার পরিচয় হয়েছে। মহিলার নামে অজস্র অপবাদ। একশো পুরুষের সঙ্গে তাঁর নাকি খাতির। এসব কথা এখন হাওয়ায় ভেসে বেড়াচ্ছে। এ জাতীয় খারাপ বলে কথিত মহিলাদের প্রতি আমার তীব্র আকর্ষণ রয়েছে। হ্রাস্যনের স্মৃতি পুরুষারের চাঁদা তুলতে যেয়ে বাংলা একাডেমীতে এই অনুপম সুন্দর মহিলাকে দেখি। তাঁকে বোধ হয় খৌচা দিয়ে কথা বলেছিলাম। সে যাক, মহিলা দু'দুবার শারীমসহ আমার এখানে এসেছিলেন। একবেলা খেয়েছিলেন। দু'বার শারীমের হোস্টেলে ডেকে নিয়েছিলেন। টুকরো টুকরো কথাবার্তা হয়েছে। গতকাল মনে মনে প্রার্থনা করছিলাম, যেনো আমার উপযুক্ত কোনো মহিলার সঙ্গে দেখা হয়। ঠিক তিনটের দিকে সুরাইয়া এসে উপস্থিত। গোটাদিন অভুক্ত। ভদ্রমহিলা দৈনিক বাংলার শাহাদাত চৌধুরী নামে এক ভদ্রলোককে ঢড় লাগিয়ে দিয়ে এসেছেন। আমার মনে হলো তিনি আমার সঙ্গে অত্যন্ত পক্ষপাতের সুরে কথা কইলেন। প্রকারান্তরে বললেন, কাউকে বিয়ে করতে চান। বিগত শ্বাসের দোষ বললেন। তাঁকে আমি শারীমের হোস্টেল অবধি দিয়ে এলাম। যেতে যেতে 'War And Peace'-এর সেই যে আঁদ্রের মৃত্যুর দৃশ্যটার কথা বললেন, জীবনে আমি ভুলবো না। ভদ্রমহিলা চরিত্রাদীন হোন, মাথা খারাপ হোন তাঁর প্রতি সুগভীর আকর্ষণ বোধ করছি। 'র' কি আমার জীবন থেকে বাতিল হয়ে গেলো? কি জানি। তার সাথে কাল কবীর চৌধুরীর বাড়িতে যাওয়ার কথা। আসবেন কিনা কে জানে।

আজ সকালে মফিজ চৌধুরীর বাড়ি গিয়েছি। কাজ হয়নি। সেখান থেকে সোজা বোর্ড অফিস। সার্টিফিকেট নিয়ে এসেছি। দুপুরে এসে ঘূমিয়েছি। ঘূম ভাসার পর ‘গান্ধী চরিত’ পড়ে শেষ করলাম। খুব বৃষ্টি হয়েছে। আর্ট কলেজে কামরূল হাসানের প্রদর্শনী দেখতে গেলাম। উদ্বোকের ছবিতে বিস্তর মাংস-প্রাণ যেনো অনুপস্থিত। তারপর নিউ মার্কেট। ‘বুদ্ধিবৃত্তির নতুন বিন্যাস’ কিনলাম ধারে। কবীর স্যারের বাড়িতে টেলিফোন করে চলে এলাম। দুপুরের ব্রত ভেঙেছি। মাছ খেয়েছি। বিকেলে নিরামিষ। আজ মাত্র তিনিকাপ চা খেয়েছি। সুরাইয়ার কথা চিন্তা করেছি।

১৯ এপ্রিল, ১৯৭৪

শেষবার লিখেছিলাম গত বছরের ১৫ই সেপ্টেম্বর। তারপর অনেকদিন কিছুই লিখিনি। এরই মধ্যে অনেক অনেক ঘটনা ঘটেছে, অথচ আমি লিখিনি। সময় তো আর কম গেলো না।

আজ খুব সকালে ঘূম থেকে উঠেছি। কার্ল মার্কসের ‘ক্যাপিটাল ২য় খণ্ড’ নিয়ে লদকা লদকি করছি দু’দিন থেকে। কঠিন কিছুই নয়, কিন্তু আক্ষিক পদ্ধতিতে চিন্তা করতে একেবারে অনভ্যন্ত। সেটাই সমস্যা।

‘র’ এখন মানসক্ষেত্রে ঘৃণীর মতো চরে বেড়াচ্ছে। এটা একটা উন্নত ব্যাপার। মজার কথা হলো সেও জানে এটা। অনুভূতিটা অবচেতন থেকে উঠে এসে একটা পরিচ্ছন্ন এবং স্পষ্ট প্রকাশ পথ সন্ধান করছে। ভালো কি খারাপ করছি জানিনে। তাকে যে রকম সন্দেহ করি, সেও কি আমাকে সন্দেহ করে না? সত্যি সত্যি কি আমি একজন শক্রু প্রেমে পড়েছি। আমি প্রেমে পড়েছি, আমি প্রেমে পড়েছি— যদি এভাবে চলে কেউ জানবে না, কেউ জানতে পারবে না।

আজ সিরাজ এবং শামসুকে চিঠি লিখেছি। টিকিটের অভাবে পাঠাতে পারিনি। শামীমের ওখানে যেয়ে পাইনি। মাসুকসহ স্টার্ভার্ডে যেয়ে অনেকগুলো বই কিললাম। জাসদ অফিসে এলাম। কেরালার ছেলে ভাঙ্করণ সঙ্গে ছিলো। বাসায় এলাম। প্রচণ্ড ক্ষুধায় খাবার খেলাম।

২৩ আগস্ট, ৭৭

অনেকদিন পূর্বেই ধারণাটি এসেছে। একবার শুরুও করেছিলাম। বিশেষ এগুলো পারিনি। ‘দিনলিপি’ নাম দিয়ে সোনার জলে ছাপানো একখানি নোট বই বাঁধিয়েছিলাম। হাতে নিয়ে সকলে দেখতে চাইতো—এমন একখানি খাতা। কিন্তু আর দশটি পৃষ্ঠার অধিক পূরণ করা আমাকে দিয়ে সম্ভব হয়নি এক বছরে। যা লিখেছি তাতে সত্যের অংশ অল্প না হলেও আক্ষালন অতিশয় অধিক। কেউ যদি পড়ে দেখে মানসক্ষেত্র কর্ষণের একটা অস্পষ্ট এবং ঝাপসা ছবি পেতেও পারে। এইবার গ্যায়টে

জীবনী পাঠ করতে যেয়ে খুব গভীরভাবে অনুভব করছিলাম, আমারও কিছু কিছু অনুভূতি লিখে রাখা উচিত। ক্রমাগতই মনে হচ্ছে আমি অতিশয় বিরাট একটা মানুষ। এটা একটা সরল সহজ অনুভূতি। এতে কষ্ট কল্পনার বাস্পটুকুও নেই। আমার সমসাময়িক কোনো লেখক কবির সঙ্গে হৃদয়বৃত্তির দিক দিয়ে আমি কারো মতোন নই। অতীতের মানুষেরাই যেনো আমার বক্তু-বাক্তব, আত্মীয়-স্বজন। বাংলা সাহিত্যে রবীন্দ্রনাথ ছাড়া আর কারো রচনায় আমার মন বসে না। ক'দিন আগে রবীন্দ্রনাথকে স্বপ্ন দেখেছি। সুন্দর সুঠাম গ্রীক ভাস্কর্যের মতো উন্নত দর্শন। উনিশশো একাত্তুর সালের ২৩শে মার্চ তারিখে আরেকবার তাঁকে দেখেছিলাম। সেবারে ছিলেন বৃন্দ সৌম্য দর্শন, এবারে তরুণ, দীপ্তি। তারপরে ক'দিন আমার আবেশের মধ্যে কেটেছে। শুধু ঘুমোবার সময় আক্ষেপ করেছি, আহা আরেকটি দিন খসে গেলো। আজকাল এভাবে আমার সময় যাচ্ছে। আফসোস লাগলেও মনের গভীরে একটা ভরসার ফ্রেন্ড যেনো দেখতে পাচ্ছি। আমি বটের শিশু। প্রকৃতি আমাকে মহীরূহ না করে কিছুতেই রেহাই দেবেন না। আমার অকলক সহজ বিশ্বাস কোথাও লাঞ্ছিত হয়নি এ পর্যন্ত। সামনের প্রকৃতি আমার বিশ্বাসকে যথোচিত পুরক্ষারে সম্মানিত করবেন, সে জাতীয় একটা ইচ্ছা রাখবো না কেনো? যদি আমি সত্যি সত্যি কোনোদিন একজন স্মরণযোগ্য মানুষ হিসেবে টিকে যেতে পারি, সেই অনাগত ভবিষ্যতে, আমার মনোলোকের এই আলো-ছায়ার খেলা যা আমি এখন থেকে ধরে রাখবো অক্ষরে অক্ষরে, উত্তরকালে হয়তো তা অন্ত-স্বন্দর মূল্য ধরতেও পারে। নিজের কাছে মিথ্যে বলা যায় না। সেই রকম একটা আকাঙ্ক্ষা অনেক দিনে আমার মনে পেকে উঠেছে। গেলো রাতে গ্যায়টের জীবনী পাঠ করার সময়, একটা খাতা কেনার প্রয়োজনীয়তা অনুভব করেছিলাম। আমার সমস্কে একটা আশ্চর্য বিষয় হলো শুন্দিনে আমি যা ভাবি তাই-ই ঘটে যায়। চিন্তাটা যতো স্বচ্ছ হচ্ছে এ অলৌকিকতা ততো বেশি সত্য হচ্ছে। আজকে বক্তু কুমার শংকর হাজরা এসে বলা নেই, কওয়া নেই এই খেরো বাঁধানো খাতাটি কিনে দিলেন কবিতা লেখার জন্য। আমি প্রকৃতির প্রতি আরেকবার কৃতজ্ঞ বোধ করলাম। এখন থেকে সময়ে সময়ে কিছু কিছু লিখবো। এলোমেলো ভাবনা, হঠাৎ জাগা অনুভূতি, যখন যা মনে আসে। দীর্ঘায় না পাক, অন্তত নিজের কাছে নিজের একটা কৈফিয়ত অন্তত রেখে যেতে চেষ্টা করবো।

২৪ আগস্ট, ৭৭

ভারী অসহায় অনুভব করছি। একটু চিন্তা করার পরে মনের ভেতর এ অসহায়ত্বের একটা সংজ্ঞা দেয়ার প্রয়োজন বোধ করছি। যাতে করে আমি নিজের কাছে নিজে স্পষ্ট হয়ে উঠতে পারি। আসলে আমার ভেতরে বিশুদ্ধতার একটা ভাবকল্প ফুলের মতো ফুটেছে। এ সেই পরশ বস্তু, যার প্রসাদে ভূমগলের যাবতীয় তুচ্ছ ক্ষণস্থায়ী বস্তু আয়ুর্বান হয়ে উঠে। আগে এই বোধ ছিলো হাওয়ার মতো হালকা ফিলফিনে। কিছুদিন থেকে গাঢ় শক্ত হয়ে জমাট বাঁধতে লেগেছে। এই একই প্রক্রিয়ায় বোধ করি কিশোরীর

বুকে দুধ জমে। এর যেমন আনন্দ তেমন বেদন। সমস্ত পৃথিবী ফাঁকা অগভীর এবং মানুষগুলো বাচাল মনে হয়। নিজের মুখোমুখি দাঁড়াতে ভয় করে, অথচ নিজের ভেতরে ছাড়া আকাশ পৃথিবীর কোথাও ভরসা পাওয়ার উপায় নেই। নিজের কাছে তাই বারবার ফিরে আসতে হচ্ছে। সবকিছু টলে যাচ্ছে, ভেঙে যাচ্ছে। গোটা পৃথিবী, মানবসমাজ, গাছ-পালা সমস্ত প্রাণবান বস্তু রসাতলের অভিমুখে ছুটে চলেছে। আমার কাঁধে ট্র্যাজিক দায়িত্ব অর্পিত হয়েছে, এই রসাতলে যাত্রার পথে শক্ত বাঁধা হয়ে দাঁড়াতে হবে। আমার নিজের ভেতরে তরঙ্গিত প্রাণ রয়েছে, যেখান থেকে কণা কণা তুলে এনে তাবত সৃষ্টির শোণিতে, শিরায় নতুন জীবনস্পন্দনের সঞ্চার করতে হবে।

২৫ আগস্ট, ৭৭

আরো একটি দিন চলে গেলো। আজ সারাদিন ঘর থেকে বের হইনি। বাইরে আমার প্রভাব যতোই বিস্তৃত হচ্ছে মানসিক ছটফটানি সে অনুপাতে বাড়ছে। ঘটনাস্ত্রোতে অস্তিত্ব বিলীন করে দেয়ার জন্যে রক্তে রক্তে চেউ খেলে যায়। এখনো যেনো সময় হয়নি। আমার যা প্রয়োজন প্রকৃতি আপনা থেকেই সরবরাহ করে। অনেকগুলো নারীর প্রভাব আমার সৃষ্টিশক্তিকে রূপ করে রেখেছে। বাস্তবে হয়তো এমন ঘটবে। এই নারীকুলের কেউ আমার সহযাত্রী হবে না। আজকে অনেক কষ্টে নিজেকে সংযত রেখেছি। 'Marxism of Jean Paul Sartre' বইটা পড়ছি। প্যাশোনেট লেখা। অর্থনীতি এবং সমাজতত্ত্বের ওপর সরাসরি দখল না থাকায় শর্ত কিংবা তাঁর আলোকে শেষ পর্যন্ত বিষয়টাকে পরিষ্কৃত করতে পারেননি। আমার মনে হচ্ছে, এই চিন্তা পদ্ধতির সঙ্গে ইসলামী চিন্তাবিদ এবং ভারতীয় দর্শন বিশেষের মর্মান্তের সঙ্গে বেশ মিল রয়েছে। আজকে সকালে জিনাত আলী এসেছিলো। প্রকারান্তরে বলে দিয়েছিলাম, কমিশনার নির্বাচনে তার পরাজয় ঘটবে। ঘটলোও তাই। জাতীয় সমাজতাত্ত্বিক দল যতো তাড়াতাড়ি অস্তিত্ব নিয়ে দাঁড়িয়েছিলো, ততো তাড়াতাড়ি প্রভাব হারাচ্ছে। সবগুলো বোকা, দাস্তিক। সুস্থ মন্তিকে চিন্তা করতে এরা জানেই না। হাসান হাফিজ ছেলেটা তার বড়ো ভাইসহ এসেছিলো। অনেকক্ষণ বকলাম। নির্লজ্জ আত্মস্তুরিতা। কেনো যে বকলাম জানিনে। আমার মধ্যে একই সঙ্গে অনেকগুলো মানুষ বাস করছে। একটা কিছু করতে হবে। কিন্তু সেটা কি। মন সারা পৃথিবীকে আলিঙ্গনে বাঁধার জন্য উন্মুখ। চোখের সামনে দিয়ে ছুটে যাচ্ছে জীবনস্ত্রোত। কিন্তু আমি বসে বসে কিসের প্রতীক্ষা করছি।

২৭ সেপ্টেম্বর, ৭৭

গতদিন জার্মান দূতাবাস থেকে একটা চিঠি পেয়েছি। জার্মান রাষ্ট্রদ্বৰ্তের পক্ষ থেকে দূতাবাসের দু'নম্বর সচিব আমাকে লিখেছেন আমার অনুবাদ এদেশের সমালোচকদের কাছে সমাদৃত হয়েছে জেনে তিনি খুবই সন্তুষ্ট। জীবনে এই প্রথমবার এক ঝলক

